# দেশের বর্তমান অবস্থা এবং তার পরিণাম

देशकी वर्तमान दशा तथा उसका परिणाम ( बँगला )



স্বামী রামসুখদাস

# দেশের বর্তমান অবস্থা এবং তার পরিণাম

देशकी वर्तमान दशा.... (बँगला)

ত্বমেব মাতা চ পিতা ত্বমেব ত্বমেব বন্ধুশ্চ সখা ত্বমেব। ত্বমেব বিদ্যা দ্রবিণং ত্বমেব ত্বমেব সর্বং মম দেবদেব।।

# স্বামী রামসুখদাস

#### Books are also available at-

1. Gobind Bhavan

151, Mahatma Gandhi Road,

Kolkata - 700 007 Phone: 40605293

- 2. Howrah Station
  - (a) (P.F. No. 5) Near Tower Clock
  - (b) (P.F. No. 18) New Complex

- 3. Sealdah Station (Near Main Enquiry)
- 4. Kolkata Station
  (P.F. No. 1, Near Over Bridge)
- Asansol Station
   (P.F. No. 5, Near Over Bridge)
- 6. Kharagpur Station (P.F. No. 3)

2,000

Thirteenth Reprint 2017

Total 52,000

♦ Price: ₹8

(Eight Rupees only)

Printed & Published by:

Gita Press, Gorakhpur—273005 (INDIA)

(a unit of Gobind Bhavan-Karyalaya, Kolkata)

Phone: (0551)2334721, 2331250; Fax: (0551)2336997

web: gitapress.org e-mail: booksales@gitapress.org

Visit gitapressbookshop.in for online purchase of Gitapress publications.

#### ॥ শ্রীহরিঃ॥

## অনুবাদকের নিবেদন

স্বামী শ্রীরামসুখদাস মহারাজ লিখিত 'দেশের বর্তমান অবস্থা এবং তার পরিণাম' বইটি বর্তমান ভারতের সাধারণ মানুষের পক্ষে যে অত্যন্ত কল্যাণকর তাতে কোনো সন্দেহ-ই নেই। আপাত দৃষ্টিতে এই বইটি প্রাচীন পদ্বী বলে মনে হলেও বইটি সম্পূর্ণ পড়লে সেই ভুল ধারণা দূর হয়।

শ্বাধীনতা লাভের পর ভারতের মানুষ ইংরেজ হটালেও ইংরেজিয়ানা দূর করতে পারেনি বা করতে চায়নি। ইংরেজদের সর্বভাবে নকল করাই হয়ে উঠেছে তাদের জীবনের উদ্দেশ্য। তাই শ্বামীজী মহারাজ ভারতের মানুষকে উদ্বুদ্ধ করার জন্য বলেছেন যে, 'ভারত সনাতন কাল থেকে আধ্যাত্মিক দিকে অনেক এগিয়ে আছে। পৃথিবীর যা কিছু আধ্যাত্মিকতা তার প্রায় সবকিছুরই পথপ্রদর্শক হল ভারত। অন্যান্য দেশগুলি আর্থিক দিক থেকে যতই এগিয়ে থাকুক, মানসিকভাবে তারা শান্তিতে নেই। সেইজন্যই আমেরিকা এবং অন্যান্য পাশ্চাত্য দেশে এত অধিক মাত্রায় মাদক দ্রব্যের প্রচলন, এত বেশি আত্মহত্যা-প্রবণতা দেখা যায়।'

ভারত কৃষিপ্রধান দেশ। এখানে এখনও পর্যন্ত যন্ত্রের চেয়ে মানুষের ব্যবহার বেশি প্রচলিত। চাষ-বাস করতে, বাড়িঘর-কারখানা-রাস্তা, সেতু তৈরি করতে, সেগুলির সংরক্ষণ করতে, দক্ষভাবে চালাতে, দেশরক্ষার কাজে, স্বাস্থ্য সংরক্ষণে, সব কাজেই এখনও মানুষেরই প্রয়োজন হয়ে থাকে। পরিবার-পরিকল্পনার ফলে জনসংখ্যা যদি অত্যন্ত কমে যায়, তাহলে প্রয়োজনীয় কাজগুলি করার লোকের অভাব হবে। দেশরক্ষা করা সমস্যা হয়ে দাঁড়াবে, দেশের স্বাধীনতা, স্বাস্থ্য সংরক্ষণ, দেশের সার্বিক উন্নয়ন, সবকিছুই ব্যাহত হবে। এই পরিবার-পরিকল্পনার সাহায্যে বিশেষ করে যেভাবে কন্যান্ত্রণ হত্যা করা হচ্ছে, তা দেশের পক্ষে অত্যন্ত আশক্ষাজনক এবং শিক্ষিত সমাজের পক্ষে লজ্জাজনক। প্রত্যেকের ভেবে দেখা উচিত,

মাতৃজাতিকে এইভাবে বিনাশ করা কত বড় পাপকর্ম ! সাধারণত কন্যার বিবাহের খরচের কথা ভেবেই এই পাপকর্ম করা হয়। কিন্তু আজকাল মেয়েরা শুধুমাত্র গৃহকাজে বন্দি থাকে না। পড়াশুনা শিখে পুরুষের ন্যায় সমস্ত কার্জই তারা অত্যন্ত দক্ষভাবে সম্পন্ন করে, উপরন্ত অনায়াসে সন্তান প্রতিপালন এবং সংসারের দেখাশোনা করার কাজও করে থাকে, যা পুরুষের পক্ষে কষ্টকর।

সাধারণ মানুষ নিজের সুখ-স্বাচ্ছন্দ্যের জন্য অন্যকে কন্ট দিতে বিন্দুমাত্র দিধা করে না। প্রাকৃতিক সম্পদ যথেচ্ছভাবে নন্ট করে। তারা ভেবে দেখে না যে, এই অপরকে কন্ট দেওয়া বা প্রাকৃতিক সম্পদ নন্ট করা—এগুলি আগামী দিনে তাদের বংশধরদের পক্ষে কত ভয়ংকর ক্ষতিকারক হয়ে দাঁড়াবে! স্বামীজী মহারাজ স্থানে স্থানে গীতার উদ্ধৃতি দিয়ে এবং যুক্তির সাহায্যে প্রমাণ করেছেন যে, ভগবদ্মুখী হয়ে সংযত-জীবন যাপন করলে নিজের সন্তান-সন্ততির এবং পৃথিবীরও কল্যাণ সাধিত হয়। অসংযত-জীবন যাপন করলে নিজের সন্তো সঙ্গে অন্যও দুঃখ পায়। অসংযমী ব্যক্তিকে কেউই পছন্দ করে না। ইন্দ্রিয় এবং বিষয়ভোগের সুখ প্রথমে অমৃতের মতো মনে হলেও পরিণামে তা বিষের ন্যায় ফল দান করে। কাম, ক্রোধ এবং লোভই মানুষের পতনের মূল কারণ।

আজকালকার তথাকথিত শিক্ষিত মানুষ ভগবদ্ শরণাগত হওয়াকে অত্যন্ত লজ্জার বলে মনে করে থাকে। যতক্ষণ সবকিছু তাদের ইচ্ছায় ঠিক ভাবে চলে তারা মনে করে যে, 'এসব আমরাই করছি, আমাদের ইচ্ছা মতোই সব হচ্ছে। ভগবান কে? তাঁর আবার কীসের প্রয়োজন ?' কিন্তু যখন বিপদ আসে, কিছুতেই নিজেরা তার সমাধান করতে পারে না, তখন ভগবানকে ডাকা ছাড়া তাদের আর কোনো উপায় থাকে না। চোখের জলে আকুল হয়ে তখন মন্দিরে-মসজিদে-গীর্জায় গিয়ে ধর্ণা দেয়, মানত করে। কুন্তী সেইজন্যই শ্রীকৃষ্ণকে বলেছিলেন যে, 'আমাকে সবসময় বিপদের মধ্যে রেখাে, যাতে সর্বক্ষণ তোমাকে স্মারণ করতে পারি।' আমরাও সেইরাপ বিপদ না এলে তাঁর শরণাগত হই না। একবারও ভেবে দেখি না এই জগৎ কোথা থেকে এল, এর সৃষ্টির মূলে কে আছেন ? আলোচ্য বইটি মনোযোগ সহকারে পড়লে সাধারণ মানুষ নতুন আলোর সন্ধান পাবেন যা তাঁদের সাধারণ সাংসারিক কাজের সহায়ক হবে এবং পরমাত্ম-তত্ত্ব উপলব্ধিরও নতুন পথ দেখাবে। স্বামী শ্রীরামসুখদাস মহারাজ সংসার-ত্যাগী সন্ধ্যাসী হয়েও সাধারণ সাংসারিক বিষয় নিয়ে যেভাবে আলোচনা করেছেন, তা অত্যন্ত বিস্ময়কর। এগুলি আমাদের পক্ষে অত্যন্ত উপযোগী এবং কল্যাণকর। বইটি সাধারণের মধ্যে প্রচারিত হলে, সকলের পক্ষেই মঙ্গল হবে।

বইটি যদি জনসাধারণের মধ্যে যৎকিঞ্চিৎও রেখাপাত করে তাহলে এই প্রকাশন সার্থক হয়ে উঠবে।

—ভবানীপ্রসাদ চট্টোপাখ্যায়

### ॥ শ্রীহরিঃ॥

# সূচীপত্ৰ

বিষয়	পৃষ্ঠা
১. দেশের বর্তমান অবস্থা এবং তার পরিণাম	9
২. গৃহীদের জন্য	২৬
৩. ভয়ানক পাপ থেকে বাঁচো	8২
৪. গৰ্ভপাত কেন মহাপাপ ?	৫১
৫. সংঘর্ষের কারণ	. &9

#### ॥ শ্রীহরিঃ॥

# ১. দেশের বর্তমান অবস্থা এবং তার পরিণাম

স্বাধীনতা প্রাপ্তির পর ভারতের অনেক অবনতি হয়েছে। ধর্মের দিক থেকে, আচার-আচরণের দিক থেকে, স্বাস্থ্যের দিক থেকে, অন্তরের ভাবের দিক থেকে—সব দিক থেকেই অবনতি হয়েছে। আগে ভারতের নানাপ্রকার বিশিষ্ট বিদ্যা ছিল, কলাকৌশল ছিল, কিন্তু এখন সে সবই নষ্ট হয়ে যাচ্ছে। এত অবনতি এর আগে আর কখনও হয়নি। দেশপ্রেমীগণ বহু বলিদান দিয়ে ইংরেজদের কাছ থেকে স্বাধীনতা ছিনিয়ে এনেছিলেন, কিন্তু স্বাধীনতা প্রাপ্তির পর দেশের এমন অবস্থা হয়েছে যে, সাধারণ মানুষ ইংরেজের রাজ্য-শাসনের প্রশংসা করে বলে যে, ইংরেজ-রাজত্বই ভালো ছিল। এ অত্যন্ত লজ্জার কথা!

ভারতের প্রাকৃতিক সম্পদ অপার, কিন্তু সেই প্রাকৃতিক সম্পদের সদ্ব্যবহার করা তো দূরের কথা, বরং তা নষ্ট করা হচ্ছে। শুধু তাই নয়, এই বিনাশকে উৎপাদন বলে প্রচার করা হচ্ছে! পশু-হত্যাকে বলা হচ্ছে খাদ্য (মাংস) উৎপাদন! গর্ভপাতের মতো মহাপাপকে এবং মানুষের উৎপাদক-শক্তির বিনাশকে বলা হচ্ছে 'পরিবার-কল্যাণ'। নারীজাতির উচ্ছুঙ্খলতাকে, মর্যাদার বিনাশকে বলা হচ্ছে 'নারী-মুক্তি'! আগে স্ত্রীলোকগণ ঘরের কর্ত্রী (গৃহলক্ষ্মী) হতেন, এখন গৃহের বাইরে বহু পুরুষের দাসত্ব বা চাকরী করাকে বলা হচ্ছে 'নারী-স্বাধীনতা'! এইভাবে পরাধীনতাকে স্বাধীনতা বলে মনে করা হয়! নৈতিক অবনতিকে উন্নতির সংজ্ঞা দেওয়া হচ্ছে! পশুত্বকে সভ্যতার চিহ্ন বলে ধরা হচ্ছে! ধার্মিকতাকে বলা হচ্ছে সাম্প্রদায়িকতা আর ধর্মবিরুদ্ধতাকে বলা হচ্ছে ধর্ম-নিরপেক্ষতা! বুদ্ধির বলিহারী! 'বিনাশকালে বিপরীতবৃদ্ধিঃ'। গীতায় একে তামসী বৃদ্ধি বলা হয়েছে—

### অধর্মং ধর্মমিতি যা মন্যতে তমসাবৃতা। সর্বার্থান্ বিপরীতাংশ্চ বুদ্ধিঃ সা পার্থ তামসী॥

(গীতা ১৮।৩২)

'হে পার্থ! তমোগুণে আচ্ছন্ন যে-বুদ্ধি অধর্মকে ধর্ম এবং সকল বিষয়কেই বিপরীত বলে মনে করে, তাকে তামসিক বুদ্ধি বলা হয়।'

মন্দোদরী রাবণকে বলেছেন—

কাল দন্ড গহি কাহু না মারা। হরই ধর্ম বল বুদ্ধি বিচারা।।
নিকট কাল জেহি আবত সাস্টা তেহি ভ্রম হোই তুম্হারিহি নাস্টা।
(শ্রীশ্রীরামচরিতমানস, লক্ষাকাণ্ড, ৩৭।৪)

## ঈশ্বর এবং প্রকৃতির বিধানের তিরস্কার

ঈশ্বর এবং প্রকৃতির বিধান অনুসারে জগৎ-সৃষ্টির আরম্ভ থেকেই জীবগণের জন্ম ও মৃত্যু হয়ে চলেছে। এই জন্ম-মরণরূপ কার্য মানুষের হাতে নেই, তা রয়েছে ঈশ্বর ও প্রকৃতির নিয়ন্ত্রণে। কোনো জীবকে হত্যা করা যেমন মানুষের অধিকার বহির্ভূত কাজ, তেমনই কোনো জীবের জন্ম রোধ করাও মানুষের অধিকার বহির্ভূত কাজ, একটি ভয়ানক পাপকর্ম। তাৎপর্য হল এই যে, ঈশ্বর ও প্রকৃতির বিধান অনুসারে জন্ম ও মৃত্যুর নিয়ন্ত্রণ বা জনসংখ্যা নিয়ন্ত্রণ অনাদিকাল হতে স্বাভাবিকভাবে হয়ে আসছে। যেমন, কুকুর, বিড়াল ইত্যাদি জন্তুগুলির বহু বাচ্চা জন্মায় এবং তারা পরিবার-নিয়োজন করে না, তবুও সেগুলির দ্বারা যে পৃথিবী পরিপূর্ণ হয়েছে, তা দেখা যায় না; কারণ স্বয়ং ঈশ্বর এবং প্রকৃতির বিধানেই তাদের নিয়ন্ত্রণ স্বাভাবিকভাবে হয়ে থাকে। তাঁর বিধানে হস্তক্ষেপ করা, কর্তৃত্ব করা হল পাপ, অন্যায়। হিন্দু, মুসলমান, খ্রীষ্টান, ইহুদী, পারসী এবং হিন্দুধর্মাবলম্বী অন্যান্য ধর্ম যেমন জৈন, শিখ, আর্যস্মাজী প্রভৃতি যাই হোন না কেন, কৃত্রিমভাবে যাঁরা সন্তান-জন্ম রোধ করেন, তাঁরা ধর্মবিরুদ্ধ, নীতিবিরুদ্ধ, ঈশ্বরবিরুদ্ধ, প্রকৃতিবিরুদ্ধ কাজ করে থাকেন, যার জন্য ইহলোকে ও পরলোকে তাঁদের ভীষণ শান্তি পেতে হবে!

একজন অত্যন্ত দয়ালু এবং পরোপকারী সাধু ছিলেন। তাঁকে ভগবান

একবার দর্শন দিয়ে বর দিতে চাইলে সাধু বললেন যে, 'আমি যেখানেই যাই, সেখানেই লোকে বলে যে মহারাজ! কৃপা করো, যেন বর্ষা এসে যায়। সূতরাং আপনি আমাকে এমন বর প্রদান করুন যাতে আমি যেখানেই বলব, সেখানেই যেন বৃষ্টি হয়।' ভগবান সেই বর্রই দান করলেন। এবার বাবাজী নানা স্থানে খুব বৃষ্টিপাত করাতে থাকলেন। বেশি বৃষ্টি হওয়ায় বিষাক্ত জীব–জন্তু জন্মাতে লাগল, যার ফলে খেত–খামার নষ্ট হতে লাগল। বিষাক্ত গাছ উৎপন্ন হল। পশুরা রোগগ্রস্ত হল। জর–জারি হতে থাকল এবং তাতে সব মরতে আরম্ভ করল। বাবাজী তখন ভগবানকে ডাকতে লাগলেন। ভগবান বললেন, বর্ষার পর কিছুদিন সূর্য তাপ প্রদান করলে জলবায়ু পরিশুদ্ধ হয়, কিন্তু একনাগাড়ে বৃষ্টি হলে আবহাওয়া বিষাক্ত হয়। অতএব তোমার ইচ্ছানুযায়ী বৃষ্টি হওয়াতেই এই অবস্থা হয়েছে! তখন বাবাজী ভগবানকে বললেন, তাহলে এবার এই ব্যাপার আপনিই সামলান, কারণ কখন, কোথায় কী বস্তু প্রয়োজন তা আপনিই যথার্থ জানেন—

#### মেরী চাহী মত করো, ম্যায় মূরখ অজ্ঞান। তেরী চাহী মেঁ প্রভো, হ্যায় মেরা কল্যান॥

এর অর্থ হল যে ভগবান এবং প্রকৃতির বিধানে যা কিছু হয়, তাই ঠিক; কারণ তাঁর দূরদৃষ্টি আছে আর মানুষ তো অল্পবুদ্ধিবিশিষ্ট। যখন পরহিতার্থে ভগবান এবং প্রকৃতির কাজ নিজহাতে নিলেও ক্ষতি হয়, তাহলে যাদের মধ্যে পরহিতের কোনো ব্যাপার নেই, বরং স্বার্থ-ভাব থাকে, তাদের পক্ষেভগবানের ও প্রকৃতির কাজ নিজ হাতে নিলে না জানি কত ক্ষতি হবে!

ঈশ্বর এবং প্রকৃতি-প্রদত্ত উৎপাদক-শক্তি নষ্ট করা মহা বিনাশকারক।
সমস্ত জন্মের শ্রেষ্ঠ মনুষ্যজন্মের উৎপাদক-শক্তির বিনাশ করলে উন্নতি হবে কী
প্রকারে ? পরিণামে পতনই হবে। মনুষ্যজাতির মধ্যেও হিন্দু সর্বশ্রেষ্ঠ জাতি।
এতে অত্যন্ত বিশিষ্ট ঋষি-মুনি, সাধু-মহাত্মা, দার্শনিক-বৈজ্ঞানিক, বিচারকআইনজ্ঞ— এঁদের জন্মগ্রহণ করার পরম্পরা রয়েছে। এই জাতিতে মানুষের
জন্ম যদি না নিতে দেওয়া হয়, তাহলে এরূপ শ্রেষ্ঠ, বিশিষ্ট ব্যক্তি কীভাবে ও
কোথায় জন্ম নেবেন ?

চিন্তা করে দেখতে হয় যে, একদিকে আমরা দেশের উন্নতির জন্য উৎপাদন বৃদ্ধি করতে চাইছি, অন্যদিকে উৎপাদক-শক্তিকে রুদ্ধ করে রাখছি! উৎপাদকই যদি না থাকে, তাহলে উৎপাদন হবে কী করে? ভোজনাগারে লোক বেশি হলে যেমন আমাদের কাজ হয় বেশি রান্না করা, লোকেদের আসা বন্ধ করা নয়; তেমনই জনসংখ্যা বৃদ্ধি পেলে, বুদ্ধিমন্তার কাজ হল উৎপাদন বাড়ানো, মানুষের জন্ম-রোধ করা নয়। এখন ক্ষেতে কাজ করার লোকের অভাব হচ্ছে। এক বা দুটি সন্তান হলে ঘরের কাজই সম্পূর্ণভাবে করা হয় না, তাহলে চাষ করবে কে? বৃদ্ধ মা-বাপের সেবা কে করবে? সমাজের দেখা-শোনা কে করবে? সেনাদলে যোগ দেবে কে? কলাকৌশল কে-ই বা শিখবে আর কে শেখাবে? বৈজ্ঞানিক কে হবে? কে কলকারখানা চালাবে? নতুন নতুন আবিষ্কার কে করবে? শাস্ত্রজ্ঞ পণ্ডিত কী করে হবে? পরিণামে কী দশা হবে—এই সব ভাবলে শিউরে উঠতে হয়!

মৃত্যুকে কেউ রোধ করতে পারে না। জন্ম হলে মৃত্যু যেমন অবশ্যম্ভাবী, সেরূপ অবশ্যম্ভাবী আর কিছুই নয়। বালক জন্মালে বড় হবে কি হবে না, পড়বে কি পড়বে না; ব্যবসা বা চাকুরি করবে কি করবে না; ডাক্তার বা ইঞ্জিনিয়ার হবে কি হবে না, ধনী হবে কি হবে না, বিবাহ করবে কি করবে না, তার সন্তান হবে কি হবে না—এই সমস্ত বিষয়ে সন্দেহ থাকতে পারে, কিন্তু সেমরবে কি মরবে না, এ-ব্যাপারে কোনো সন্দেহ থাকে না। কারণ সে অবশ্যই মরবে। এইভাবে অবশ্যম্ভাবী মৃত্যুর পথ সবসময় খোলা রয়েছে। এমন কোনো বছর, মাস, দিন, ঘণ্টা, মিনিট বা সেকেণ্ড নেই, যে সময়ে মানুষ মরে না। বালকও মরে, যুবকও মরে আবার বৃদ্ধও মরে। রোগীও মরে আবার নীরোগ ব্যক্তিরও মৃত্যু হয়। আমি শুনেছি যে কোনো এক গ্রামে এক ব্যক্তির দুটি ছেলে ছিল। তারা দুজনেই মারা গেছে আর এখন বৃদ্ধ বাপ–মাকে জল দেওয়ারও কেউ নেই! একজনের ছয়–সাতটি ছেলে ছিল, তার মধ্যে একজন ছাড়া আর সকলেই মারা গেছে! চিন্তার বিষয় হল এই যে, যে ব্যক্তি একটিদুটি সন্তানের জন্মের পর অপারেশন (লাইগেট) ইত্যাদি করিয়ে নিয়েছে, প্রারব্ধবশত যদি সন্তান জীবিত না থাকে, তাহলে তার কী অবস্থা হবে?

প্রশ্ন — জাপান, ইজরাইল, ব্রিটেন ইত্যাদি রাষ্ট্রগুলির জনসংখ্যা কম

হলেও এরা অত্যন্ত উন্নত আর ভারতের জনসংখ্যা বেশি হলেও বেকারি, গরিবি ইত্যাদির জন্য পিছিয়ে আছে। সুতরাং ভারতের উন্নতির জন্য জনসংখ্যা বৃদ্ধির প্রয়োজনীয়তা নেই, বরং জনসংখ্যা কম করাই প্রয়োজন। কারণ একটি সিংহ একপাল মেষের থেকে শ্রেষ্ঠ।

সমাধান — আমি জনসংখ্যা বাড়াবারও পক্ষপাতী নই বা জনসংখ্যা কমাবারও পক্ষপাতী নই, কিন্তু জনতার হিত কীসে হয় — আমি তারই পক্ষপাতী। জনসংখ্যা বৃদ্ধি করার ইচ্ছাও মূর্খতা আর কমাবার ইচ্ছা হল মহামূর্খতা; কারণ এটি মানুষের অধিকার বহির্ভূত কাজ, এ কাজ হল ঈশ্বর ও প্রকৃতির অধিকারে। জনসংখ্যা বৃদ্ধি দেশের পক্ষে ক্ষতিকারক নয়, বরং কৃত্রিম উপায়ে সন্তান জন্ম-রোধ করার চেষ্টা মহা-ক্ষতিকারক। কারণ এর প্রচার এবং প্রসারের সাহায্যে সমাজে প্রত্যক্ষভাবে ব্যভিচার, ভোগপরায়ণতা ইত্যাদি দোষের বৃদ্ধি হচ্ছে এবং চরিত্র, শীল, সংযম, লজ্জা ইত্যাদি গুণাবলী হ্রাস পাচ্ছে। লোকেদের চরিত্রে যদি শীল, সংযম ইত্যাদি না থাকে, তাহলে দেশ শক্তিশালী হবে কীভাবে ? ইংরেজিতে একটি প্রসিদ্ধ প্রবাদ আছে—

If money is lost nothing is lost,
If health is lost something is lost,
If character is lost everything is lost.

—টাকা-পয়সা নষ্ট হলে কোনও ক্ষতি নয়। স্বাস্থ্য নষ্ট হলে বরং কিছুটা ক্ষতি, চরিত্র নষ্ট হলে সবটাই ক্ষতি!

জাপান ইত্যাদি দেশগুলিতে যে উন্নতি দেখা যায়, তা জনসংখ্যা কমের জন্য নয়, তা হল ওখানকার লোকেদের কর্তব্যপরায়ণতা, বিশ্বাসযোগ্যতা, পরিশ্রম, দেশভক্তি ইত্যাদির জন্য<sup>(১)</sup>। আমাদের দেশের পিছিয়ে-পড়ার

<sup>&</sup>lt;sup>(১)</sup> বিদেশে যে কর্তব্যপরায়ণতা, বিশ্বাসযোগ্যতা ইত্যাদি গুণ দেখা যায়, তা ধর্ম ও ঈশ্বরমুখী নয়, এগুলি ব্যাবহারিক সুবিধার জন্য, যাতে ব্যবস্থা ঠিক মতো বজায় থাকে। কিন্তু এই গুণ বেশিদিন বজায় থাকবে না; কারণ সদ্গুণ ও সদাচারের মূল হল ধর্ম ও ঈশ্বর; এটি বাদ দিলে সদ্গুণ ও সদাচার কখনো স্থায়ী হতে পারে না—'মূলাভাবে কুতঃ শাখা' মূল ছাড়া শাখা কোথায়?

(বেকারি ও গরিবির) কারণ জনসংখ্যা বৃদ্ধি নয়, প্রকৃত কারণ হল অকর্মণ্যতা, চরিত্রহীনতা, আলস্য, প্রমাদ, ভ্রষ্টাচার ইত্যাদির বৃদ্ধি। কিন্তু আমরা কর্মপ্রচেষ্টা, চারিত্র্য, সংযম, ত্যাগ ইত্যাদির দিকে লক্ষ না দিয়ে জনসংখ্যা কম করার উপায়ের দিকেই নজর দিয়ে থাকি, যা দুরাচার বৃদ্ধিকারী। এটা দেশের পক্ষে ক্ষতিকর। উদাহরণ স্বরূপ বলা যায় যে সিনেমা, ভিডিও, পত্র-পত্রিকার দারা সাধারণ মানুষের চরিত্র, শীল, মর্যাদা ভ্রস্ট করা হচ্ছে, তাদের ব্যভিচার, হিংসা, চুরি প্রভৃতির শিক্ষা প্রদান করা হচ্ছে। নানাস্থানে মদের দোকান খুলে, পানমশালা, গুটকা ইত্যাদি বস্তুর প্রচার করে লোকেদের নেশাগ্রস্ত করা হচ্ছে এবং তাদের স্বাস্থ্য নষ্ট করা হচ্ছে। বিভিন্নভাবে লোকেদের কাজ কম করার ও বেশি খরচ করে আয়েস-আরামের প্রেরণা দেওয়া হচ্ছে; যেমন—সপ্তাহে পাঁচদিন কাজ করবে, অমুক সময়ে দোকান খুলবে না, ইত্যাদি। কর্মচারীরা কাজ করুক বা না করুক তাদের সম্পূর্ণ বেতন দেওয়া হয়, তাহলে তারা আর বেশি কাজ করে পরিশ্রম কেন করবে ? তারা তাস খেলা, চা পান বা ধূমপান ইত্যাদি বৃথা কাজে নিজেদের সময় নষ্ট করে থাকে। সরকারী অফিসে ঘুষ ছাড়া প্রায়ই কোনো কাজ সিদ্ধ হয় না। প্রত্যেক জায়গাতেই ভ্রষ্টাচার ছড়িয়ে পড়ছে। রক্ষকই ভক্ষক হয়ে উঠছে। যে ব্যক্তি যে পদে নিযুক্ত সে ব্যক্তি সেই কাজ করতে পারে না, তাকে সেই পদে শুধুমাত্র জাতিগত মানদণ্ডে নিযুক্ত করা হয়, যোগ্য ব্যক্তি চাকরি পায় না। স্কুলে শিশুদের ভর্তি করতে হাজার হাজার টাকা 'ডোনেশনে'র নামে ঘুষ নেওয়া হয়। শিক্ষকগণ স্কুলে ছাত্রদের ঠিক মতো পড়ান না, আর ছাত্রদের প্রাইভেট টিউশনির জন্য প্ররোচিত করে থাকেন।

দেশী বাজ্রার এক একটি গাছ থেকে এক-দেড়শো শস্যের শীষ জন্মায়।
আমি একটি গাছ থেকে তিনশো শীষ উৎপন্ন হওয়ার কথাও শুনেছি। কিন্তু
গভর্নমেন্ট কৃষকদের দেশী শস্য না দিয়ে বিদেশী শস্যের বীজ দিচ্ছেন, যার
গাছ থেকে শুধুমাত্র একটি শীষই উৎপন্ন হয়! এ কেমন বুদ্ধির কথা তা বোঝা
যায় না!

সেই রাজ্যই সুরাজ্য, যেখানে প্রজারা ধনধান্যে পরিপূর্ণ এবং যেখানে কোনো শত্রুতা নেই—'অবাপ্য ভূমাবসপত্মসৃদ্ধং রাজ্যম্' (গীতা ২।৮)। কিন্তু

আজকাল ভিন্ন ভিন্ন সম্প্রদায়ের মধ্যে একে অন্যের প্রতি দ্বেষ উৎপন্ন করিয়ে তাদের মধ্যে যুদ্ধ বাধিয়ে দেওয়া হচ্ছে। উভয়ে একে অপরের প্রাণ ও সম্পত্তি নষ্ট করছে। এর পরিণামে দেশের জনগণ এবং সম্পত্তিই নষ্ট হচ্ছে। যে-দেশের জনগণ ও সম্পত্তি নাশ হয়, সেই দেশ সুখী, সমৃদ্ধ এবং ধনী কী করে হবে ? সেই দেশে সুখ-শান্তি কী করে আসবে ?

— এইরূপ নানা কারণে দেশের অবস্থার ক্রমশ অবনতি হচ্ছে। এই অবস্থায় জনসংখ্যা কম করলে কি বেকারি এবং গরিবি দূর হবে ? দূর তো হবেই না, বরং দেশ বলহীন এবং পরাধীন হয়ে পড়বে।

জনসংখ্যা কম হলেই সকলে সিংহের মতো শক্তিশালী হয়ে উঠবে না। সিংহের ব্রহ্মচর্য শক্তি থাকে, কিন্তু সন্তান-নিরোধের দ্বারা ব্রহ্মচর্য নাশ করা হচ্ছে; কারণ কৃত্রিমভাবে সন্তান-নিরোধের পেছনে আসল উদ্দেশ্য হল ভোগ-বিলাস করব, ব্রহ্মচর্য নষ্ট করব, কিন্তু সন্তান উৎপন্ন যেন না হয়! সন্তান-জন্ম যদি রোধ করতেই হয়, তাহলে ব্রহ্মচর্য পালন করা উচিত।

জনসংখ্যা বৃদ্ধি যদিও আমার উদ্দেশ্য নয়, তা সত্ত্বেও যদি কেউ মনে করেন যে আমি জনসংখ্যা বাড়াবার কথাই বলছি, তবুও তা অনুচিত নয়, কারণ শাস্ত্রাদিতে (ব্রহ্মার) জনসংখ্যা বৃদ্ধির নির্দেশ আছে, কিন্তু কমাবার নির্দেশ কোথাও নেই! দ্বিতীয়ত, আজকাল ভোটের যুগ। সিংহ যদিও মেষের থেকে শ্রেষ্ঠ ও বলবান, কিন্তু যদি ভোট করানো হয় তাহলে সিংহ হেরে যাবে আর মেষেরাই রাজ্যলাভ করবে!

সন্তান-রোধ করার কৃত্রিম উপায়ের প্রচারের ফলে নারী ও পুরুষ
—উভয়েই এত ক্রুর, নির্দয় ও হিংস্র হয়ে যাচ্ছে যে, গর্ভস্থ নিজ সন্তানকে পর্যন্ত
হত্যা (ভ্রুণ হত্যা) করতে দ্বিধাগ্রস্ত হয় না, যা ব্রহ্মহত্যার দ্বিগুণ পাপ<sup>(১)</sup>।
নিজের গর্ভ নষ্টকারী নারী যেন সর্পিণীর ন্যায়, যে নিজ সন্তানকেও শেষ করে

<sup>&</sup>lt;sup>(১)</sup>যৎপাপং ব্রহ্মহত্যায়াং দ্বিগুণং গর্ভপাতনে। প্রায়শ্চিত্তং ন তস্যাস্তি তস্যাস্ত্যাগো বিধীয়তে।। (পারাশরস্মৃতি, ৪।২০) 'ব্রহ্মহত্যায় যে পাপ হয়, গর্ভপাত করলে তার দ্বিগুণ পাপ হয়। এই গর্ভপাতরূপ মহাপাপের কোনো প্রায়শ্চিত্ত নেই, এর বিধান হল ঐ স্ত্রীলোককে পরিত্যাগ করা।'

দেয়। গাভী অত্যন্ত সৌম্য স্বভাবযুক্ত হয়, কিন্তু সে-ও তার সন্তানের কাছে কাউকে ঘেঁষতে দেয় না। মেষপালকগণ বলে যে, মেষ কোনো কোনো বাচ্চা পরিত্যাগ করে, কিন্তু যদি কুকুর সেই পরিত্যক্ত বাচ্চাটিকে আক্রমণ করে তাহলে মেষ সেই বাচ্চাটিকে আবার গ্রহণ করে এবং তাকে রক্ষা করে। কিন্তু আজকালকার নারীরা গাভীর মতো হওয়া তো দূরের কথা, মূর্খ বলে খ্যাত মেষের মতোও নয়, তারা মহাবিষাক্ত সর্পিণীর ন্যায় ব্যবহার করছে। কোথায় এই কথা বলা হয়ে থাকে যে মায়ের মতো পালন-পোষণ আর কেউ করতে পারে না— 'মাত্রা সমং নান্তি শরীরপোষণম্' আর কোথায় আজকালকার নারীদের নিজ সন্তানপালনই কষ্টকর বলে মনে হওয়া! এ কত না নৈতিক পতনের কথা!

প্রশ্ন—বিদেশে প্রায়শই লোকেদের চারিত্রিক অধঃপতন হচ্ছে, সেখানে ব্যভিচার, হিংসা ইত্যাদি পাপও বেশি হয়ে থাকে, তাহলেও তাদের দেশ কেন এত উন্নত ?

সমাধান — সেগুলি পার্থিব উন্নতি। পার্থিব উন্নতি প্রকৃতপক্ষে কোনো উন্নতিই নয়। আধ্যাত্মিক উন্নতিই হল আসল উন্নতি। যাদের আধ্যাত্মিক দৃষ্টি নেই, শুধু পার্থিব দৃষ্টি থাকে, তাদের কাছেই পার্থিব উন্নতি গুরুত্বপূর্ণ বলে মনে হয়। বিদেশে পার্থিব উন্নতি হলেও লোকে অন্তরে দুঃখ, অশান্তি, অসন্তোমে জ্বলে যায়, যার ফলে ওদেশে আত্মহত্যার সংখ্যা বেড়ে যাচ্ছে। পার্থিব উন্নতির পরিণাম হল বিনাশ। আমাদের দেশে পুরাকালে রাক্ষসেরা খুব উন্নতি করেছিল, কিন্তু তারা অন্যকেও ধ্বংস করেছে আর নিজেরাও ধ্বংস হয়ে গেছে। রাবণও খুব পার্থিব উন্নতি করেছিল, কিন্তু পরিণামে তার ও প্রজাদের পার্থিব উন্নতির বিনাশই হয়েছিল। এমন দশা হয়েছিল যে তাদের জন্য শোক করারও কেউ ছিল না।

মহাভারতে (বনপর্ব, ৯৭তম অধ্যায়ে) একটি ঘটনার উল্লেখ আছে। মহর্ষি অগস্ত্যের পত্নী লোপামুদ্রা একবার সুন্দর বস্ত্রালঙ্কার পাবার ইচ্ছা করেছিলেন। অর্থলাভের আশায় অগস্ত্য ক্রমশ শ্রুতর্বা, ব্রধ্নশ্ব এবং ব্রসদস্য — এই তিন রাজার কাছে গেলেন। কিন্তু তিন রাজার আয়-ব্যয়ের

হিসাব নিয়ে তিনি যখন বুঝলেন যে, এদের থেকে অর্থ গ্রহণ করলে প্রাণীদের কষ্ট হবে, তখন অগস্ত্য রাজাদের থেকে কোনও অর্থ গ্রহণ করতে পারলেন না। তখন সেই রাজারা নিজেদের মধ্যে আলোচনা করলেন যে, ইল্পল নামক রাক্ষসের কাছে বহু অর্থ সঞ্চিত রয়েছে। তাই অর্থ পেতে গেলে তার কাছে যেতে হবে। তখন সেই তিন রাজা মহর্ষি অগস্ত্যের সঙ্গে ইল্পলের কাছে গেলেন। সেখানে তারা অনেক অর্থ পেলেন। এর অর্থ হল যে, প্রয়োজনের অধিক অর্থ যক্ষ-রাক্ষসগণের কাছেই থাকত, রাজাদের কাছে নয়। তাই যারা কেবল অর্থ সংগ্রহ করে এবং অর্থেরই রক্ষণাবেক্ষণ করে, তাদের বলা হয় যক্ষবিত্ত। যক্ষবিত্তের পতন হয়— 'যক্ষবিত্তঃ পতত্যধঃ' (ভাগবত ১১।২৩।২৪)।

## মাতৃশক্তির তিরস্কার

বর্তমানে নারী-জাতির চরম তিরস্কার, যোর অপমান করা হচ্ছে। নারীর মহৎ মাতৃরূপ নষ্ট করে তাদের ভোগ্যা নারীর রূপ দেওয়া হচ্ছে। ভোগ্যা নারীর বেশ্যারই অপর নাম। যত শ্রদ্ধা মায়ের (মাতৃশক্তির) প্রতি থাকে, তত শ্রদ্ধা (ভোগ্যা) নারীর প্রতি থাকে না। কিন্তু যারা স্ত্রীলোকদের ভোগ্যা বলে মনে করে, স্ত্রীলোকের গোলাম হয়, সেই ভোগী ব্যক্তিরা এই কথার কী বুঝবে? বোঝা সম্ভবই নয়। মা হবার জন্য বিবাহ করা হয়, ভোগ্যা হবার জন্য নয়। সন্তান উৎপাদনের জন্যই বরপক্ষ কন্যাদান স্বীকার করে থাকেন। কিন্তু এখন নারীদের মা হতে দেওয়া হয় না, তাদের শুধু ভোগ্যা তৈরি করা হয়। নারীজাতির কী ভয়ানক অপমান!

নারী প্রকৃতপক্ষে মাতৃশক্তি। নারী ও পুরুষ—উভয়েরই জননী হল এই নারী। শুধু পুরুষেরই সে পত্নী হয়, কিন্তু মা হয় নারী ও পুরুষ উভয়েরই। পুরুষ যদি ভালো হয় তাহলে শুধুমাত্র তার নিজের কুলেরই মহিমা বৃদ্ধি পায়, কিন্তু নারী ভালো হলে তার পিতৃকুল ও শুশ্রাকুল—উভয়েই মর্যাদা বৃদ্ধি পায়। রাজর্ষি জনক সীতাকে বলেছিলেন—'পুত্রি পবিত্র কিয়ে কুল দোউ', (হে পুত্রী! তুমি দুই কুলই পবিত্র করেছ।) (শ্রীশ্রীরামচরিতমানস, অযোধ্যাকাণ্ড, ২৮৭।১)।

আজকাল বিবাহের সময় কন্যার স্বভাব, সহিষ্ণুতা, আন্তিক্য ভাব, ধার্মিকতা, কার্য-কুশলতা ইত্যাদি গুণ না দেখে শুধু তার শারীরিক সৌদ্দর্য দেখা হয়। পরিণামের দিকে দৃষ্টি না রেখে তাৎকালিক ভোগের দৃষ্টিতে কন্যাকে পরীক্ষা করা হয়। বিচার করে দেখা হয় না যে সুন্দর স্বভাব সর্বদা থাকবে, কিন্তু সৌন্দর্য থাকবে কদিন ?<sup>(১)</sup> ভোগী ব্যক্তি যদি জগতের সমস্ত স্ত্রীলোকও প্রাপ্ত হয়, তাহলেও তার সন্তুষ্টি সম্ভব নয়—

যৎ পৃথিব্যাং ব্রীহিয়বং হিরণ্যং পশবঃ স্ত্রিয়ঃ। ন দুহ্যন্তি মনঃপ্রীতিং পুংসঃ কামহতস্য তে॥

(ভাগবত, ৯।১৯।১৩)

'যে ব্যক্তি কামনায় জর্জরিত, সে যদি পৃথিবীর সমস্ত ধনধান্য, স্বর্ণ, পশুধন এবং নারীও লাভ করে, তাহলেও সে তাতে সন্তুষ্ট হয় না।'

এরূপ ভোগী ব্যক্তিগণই গর্ভনিরোধক যাবতীয় বস্তু ব্যবহার করে মহাপাপ করে থাকে। বংশবৃদ্ধির জন্যই বিবাহ করা। কন্যা যদি সদ্গুণ ও সদাচার-সম্পন্ন হয় তাহলে বিবাহের পর তার যে সন্তান হয় সে-ও সেইরূপ সদ্গুণ ও সদাচার সম্পন্ন হয়, কারণ প্রায়শ মায়ের স্বভাবই সন্তানে বর্তায়। একটি প্রবাদ আছে: 'নর নানানে জায়ে হ্যায়' অর্থাৎ মানুষের স্বভাব তার মায়ের পিতৃকুলের মতো হয়। 'মাঁ পর পূত পিতা পর ঘোড়া। বহুৎ নহী তো থোড়া থোড়া।'

কন্যাদানেও নারী-জাতির সম্মান, অপমান নয়। এটি অন্য দানের মতো ব্যাপার নয়। অন্য দানে দান করা জিনিসের ওপর দাতার কোনো অধিকার থাকে না, কিন্তু কন্যা সন্তানের জন্ম দেওয়ার পরে সেই কন্যার ওপর মা-বাবার

<sup>&</sup>lt;sup>(১)</sup>দ্রৌপদী অত্যন্ত সুন্দরী ছিলেন বলেই জয়দ্রথ, কীচক এবং অষ্টাদশ অক্ষৌহিণী সেনা ধ্বংস হয়েছিল। তাই বলা হয়—

খণকর্তা পিতা শক্রঃ মাতা ব্যভিচারিণী।

ভার্যা রূপবতী শত্রুঃ পুত্রঃ শত্রুরপণ্ডিতঃ॥ (চাণ্যক্যনীতি ৬।১০)

<sup>&#</sup>x27;ঋণকারী পিতা, ব্যভিচারিণী মাতা, সুন্দরী পত্নী এবং মূর্খ পুত্র—এই চারটি শক্রব ন্যায় (দুঃখ প্রদানকারী) হয়ে থাকে।'

অধিকার ফিরে আসে এবং প্রয়োজন হলে তার ঘরের অন্ন-জলও তারা গ্রহণ করতে পারে। কারণ কন্যার স্বামী পিতৃঋণ থেকে মুক্ত হবার জন্য বিবাহ করে এবং তার দারা সন্তান উৎপন্ন হলেই সে পিতৃঋণ থেকে মুক্ত হয়। সেইজন্য অন্য গোত্র হলেও দৌহিত্র তার মায়ের বাবা এবং মায়ের (দাদু-দিদিমার) শ্রাদ্ধ-তর্পণ করে থাকে, এটি লোকাচারে এবং শাস্ত্রাচারেও সুপ্রসিদ্ধ।

আমাদের শাস্ত্রে নারীজাতির অনেক শ্রদ্ধা ও সম্মান করা হয়েছে। নারী-জাতির রক্ষার জন্য শাস্ত্রে তাদের পিতা, পতি অথবা পুত্রের আশ্রয়ে থাকার নির্দেশ দেওয়া হয়েছে, যাতে সে নানাস্থানে ধাক্কা খেয়ে না ফেরে বা বেশ্যা না হয়ে যায়। (১) নারীর চাকরি করা তাদের পক্ষে অপমান। তাদের ঘরে থাকাতেই মহিমা। ঘরে থাকলে নারী মহারানী, বাইরে গেলে চাকরানী। ঘরে সে একজন পুরুষের অধীনে থাকে, আর বাইরে তাকে অনেক নারী-পুরুষের অধীনে থাকতে হয়; উচ্চ পদাধিকারী অফিসারের অধীনতা, লাঞ্ছনা ও অপমান সহ্য করতে হয়, যা তার কোমল-হাদয় স্বভাবের বিরুদ্ধ। তারা সম্মানের যোগ্য, নিন্দা-তিরস্কারের নয়। পিতা, পতি বা পুত্রের অধীনতা আসলে স্ত্রীজাতিকে পরাধীন করে না, বরং প্রকৃত অর্থে স্বাধীন করে তোলে। গৃহে বৃদ্ধা 'মা'য়ের সব থেকে বেশি সম্মান হয়ে থাকে, ছেলে-নাতি সকলেই তাঁকে শ্রদ্ধা করে থাকে, কিন্তু গৃহের বাইরে বৃদ্ধা স্ত্রীলোককে সকলেই লাঞ্ছিত করে।

নারীরা বাইরের কাজ ঠিকমতো করতে পারে না আর পুরুষেরা গৃহের কাজ ঠিকভাবে করতে সক্ষম হয় না। নারীরা চাকরি করতে গেলেও সেখানে সোয়েটার বোনে—ঘরের কাজ করে। পুরুষরা মিছেই বড়াই করে যে নারীরা ঘরে কী কাজ করে? কাজ তো আমরা করি, পয়সা রোজগার করি! যদি পুরুষ গৃহে একদিনও রান্নার কাজ করে এবং বাচ্চাদের রাখে, তাহলে তারা বুঝতে

<sup>&</sup>lt;sup>(১)</sup> ভ্রমন্সংপূজ্যতে রাজা ভ্রমন্সংপূজ্যতে দ্বিজঃ। ভ্রমন্সংপূজ্যতে যোগী ভ্রমন্তী স্ত্রী বিনশ্যতি।। (চাণক্যনীতি ৬।৪)

<sup>&#</sup>x27;ভ্রমণ করলে রাজা পূজিত হন, ভ্রমণ করলে ব্রাহ্মণ পূজিত হন, ভ্রমণ করলে যোগী পূজিত হন, কিন্তু স্ত্রীলোক ভ্রমণ করলে অর্থাৎ একা-একা এদিক-সেদিক ঘুরে বেড়ালে বিনষ্ট হয় অর্থাৎ তার পতন হয়।'

পারে নারীরা ঘরে কী কাজ করে! যদি স্ত্রীর মৃত্যু হয় তাহলে বাচ্চাদের শাশুড়ি, দিদিমা বা পিসীমার কাছে পাঠিয়ে দেয়, কারণ পুরুষেরা তাদের পালন করতে পারে না। কিন্তু স্বামীর যদি মৃত্যু হয় তাহলে স্ত্রী কষ্ট সহ্য করেও বাচ্চাদের পালন করে এবং লেখাপড়া শিখিয়ে যোগ্য করে তোলে। কারণ স্ত্রীলোক হল মাতৃশক্তি, তাদের পালন করার যোগ্যতা থাকে। আমি ছোট ছোট ছেলেমেয়েদের দেখেছি। মেয়েরা কোনো জিনিস পেলে তা তাদের ছোট ভাই-বোনের জন্য রেখে দেয়, কিন্তু ছেলেরা তৎক্ষণাৎ নিজে সেটি খেয়ে নেয়। কোনো সাধু, দরিদ্রলোক বা ক্ষুধার্ত বসে থাকলে বহু পুরুষ তার কাছ দিয়ে চলে গেলেও, তাদের মনে এদের কিছু খেতে দেবার কথা চিন্তায় আসেনা। কিন্তু নারীরা জিজ্ঞাসা করবে, 'বাবাজী, কিছু খাবেন!' কারণ তাদের মনে দয়া থাকে। তাদের সন্তান পালন- পোষণ করতে হয়, তাই ভগবান তাদের হৃদয়ে এমন দয়া দিয়েছেন।

আজকাল নারীদের পুরুষের সমান অধিকার দেওয়ার কথা বলা হচ্ছে, কিন্তু শাস্ত্রাদিতে মায়ের রূপে নারীদের পুরুষের থেকেও বিশেষ অধিকার দেওয়া হয়েছে—

সহস্রং তু পিতৃন্মাতা গৌরবেণাতিরিচ্যতে।। (মনুস্মৃতি, ২।১৪৫)
'মায়ের স্থান পিতার থেকে হাজার গুণ বেশি বলে মানা হয়।'
সর্ববন্দ্যেন যতিনা প্রসূর্বন্দ্যা প্রযত্নতঃ।। (স্কন্দপুরাণ, কাশীখণ্ড ১১।৫০)
'সবার বন্দনীয় সন্ন্যাসীরও মাকে বিশেষ যত্নের সঙ্গে বন্দনা করা উচিত।'
আজকাল গর্ভ-পরীক্ষা করে দেখা হয়, যদি গর্ভে কন্যাসন্তান থাকে তবে
তা নষ্ট করে ফেলা হয়, এই কি নারীজাতিকে সমান অধিকার প্রদান করা ?

'মা' কথাটির উচ্চারণে যে-ভাব উৎপন্ন হয়, 'স্ত্রী' কথাটিতে সেই ভাব উৎপন্ন হয় না। তাই শ্রীশঙ্করাচার্যও ভগবান শ্রীকৃষ্ণকে 'মা' সম্বোধন করছেন—'মাতঃ কৃষ্ণাভিধানে' (প্রবোধ. ২৪৪) উপনিষদে 'মাতৃদেবো ভব, পিতৃদেবো ভব' বলে সর্বপ্রথম মায়ের বন্দনা করা হয়েছে। 'বন্দে মাতরম্' বাক্যেও মাকে বন্দনা করা হয়েছে। হিন্দুধর্মে মাতৃশক্তির উপাসনার বিশেষ মহত্ত্ব আছে। ঈশ্বররূপ পঞ্চদেবতার মধ্যেও মাতৃশক্তির (ভগবতীর) স্থান আছে। দেবীভাগবত, দুর্গাসপ্তসতী (চণ্ডী) ইত্যাদি বহু গ্রন্থ মাতৃশক্তির ওপরই আধারিত। জগতের সকল নারীকেই মাতৃশক্তির রূপ বলে মানা হয়— বিদ্যাঃ সমস্তান্তব দেবি ভেদাঃ স্ত্রিয়ঃ সমস্তাঃ সকলা জগৎসু।। (দুর্গাসপ্তসতী, (চণ্ডী) ১১।৬)

কিন্তু ভোগীরা মাতৃশক্তির কী বুঝবে ? তাদের পক্ষে বোঝা সম্ভবই নয়। তারা এদের শুধু ভোগ্যা বলে মনে করে।

শাস্ত্রে যে নারীদের পুনর্বিবাহ না করে বিধবা-ধর্ম পালনের কথা বলা হয়েছে, তা তাদের শ্রদ্ধা জানাবার জন্যেই, অপমানের জন্য নয়। তিতিক্ষু ও তপস্বী ব্যক্তিরা সমাজে অত্যন্ত সম্মানিত হয়ে থাকেন। পুরুষেরা স্ত্রীলোককে তিরস্কার করবে, তাকে দুঃখ দেবে, তাকে ত্যাগ করবে, মারধাের করবে—শাস্ত্রে কোথাও এমন কথা বলা হয়নি। শুধু তাই নয়, স্ত্রীলোকের দ্বারা যদি কোনো গুরুতর অপরাধও করা হয়ে থাকে, তাহলেও তাকে মারধাের করার কোনাে বিধান নেই, বরং তারা ক্ষমারই যোগ্য।

ভীষ্ম কৌরবসেনাদের রক্ষাকর্তা ছিলেন—'অপর্যাপ্তং তদম্মাকং বলং ভীষ্মাভিরক্ষিতম্' (গীতা ১।১০), কিন্তু দুর্যোধন তাঁকে রক্ষার জন্যেও নিজ সেনাদের নির্দেশ দিয়েছিলেন—'ভীষ্মমেবাভিরক্ষত্ত ভবত্তঃ সর্ব এব হি' (গীতা ১।১১। কারণ দুর্যোধন জানতেন যে, শিখণ্ডীকে ভীষ্ম কখনও অস্ত্রাঘাত করবেন না, তাতে যদি ভীষ্মের মৃত্যুও হয়, তবুও নয়! শিখণ্ডী আগের জন্মে নারী ছিলেন, এখন নয়; কিন্তু এজন্মে পুরুষরূপে থাকলেও ভীষ্ম তাঁকে নারী বলেই মনে করতেন, তাই তাঁর ওপর অস্ত্রাঘাত করেননি, তার জন্য তিনি মৃত্যুকে স্বীকার করেছেন—নারীজাতির কী সম্মান!

কিছুকাল আগের কথা, একবার যোধপুরের রাজা স্যার উন্মেদ সিংজী এবং বিকানীরের রাজা স্যার শার্দূল সিংজী শিকার করতে জঙ্গলে গিয়েছিলেন। সেখানে শার্দূল সিংজীর গুলিতে পায়ে চেটে পেয়ে এক সিংহী আহত হয়। আহত সিংহী গর্জন করে তাঁদের দিকে তেড়ে এলে উন্মেদ সিংজী বললেন—'হীরা (শার্দূল)! একি করেছ? এ তো মাদী!' তিনি যাকে গুলি করেছেন সেটি মাদী— এটি জেনে যাবার পর তিনি সেই সিংহীকে গুলি করেননি, বরং তার আক্রমণ থেকে কোনোক্রমে নিজের প্রাণ বাঁচিয়েছিলেন।

#### নারীজাতির কত সম্মান!

শাস্ত্রাদিতে পুরুষদের জন্য সান্ধ্য-উপাসনা, অগ্নিহোত্র, যজ্ঞ, বেদপাঠ ইত্যাদি নানাপ্রকার কর্তব্য কর্ম করার কথা আছে, কিন্তু নারীদের ঐ সব কর্তব্য-কর্ম, পিতৃঋণ ইত্যাদি ঋণ থেকে মুক্ত রাখা হয়েছে(১) এবং তাদের পতির পুণ্যের অর্ধেক ভাগীদার বলে জানানো হয়েছে। কিন্তু শাস্ত্র যাঁরা জানেন না তাঁরা এবিষয়ে কী বুঝবে ? আজকাল নারীদের নিজ কর্তব্য থেকে বিমুখ করে নানা ঝামেলায় ফেলা হচ্ছে। শাস্ত্র কেবল পুরুষকেই যজ্ঞোপবীত ধারণ করে সান্ধ্য-উপাসনা ইত্যাদি বিশেষ কর্মের নির্দেশ দিয়েছে। কিন্তু আজকাল নারীদের যজ্ঞোপবীত প্রদান করে তাদের উল্টে ঝামেলায় ফেলা হচ্ছে! একি কোনো বুদ্ধিমত্তার কাজ ? পতির পুণ্যকর্মের ভাগ তো পত্নী পায়ই কিন্তু পাপের ভাগীদার হয় না, পত্নী শুধু পুণ্যের অর্ধেক ভাগ লাভ করে। সমাজেও এরূপ দেখা যায় যে ডাক্তার, পণ্ডিত — এঁদের স্ত্রী মূর্খ হলেও তাঁদের ডাক্তারনী, পণ্ডিতানী বলা হয়! আসলে আজকাল অহং অভিমানকে প্রাধান্য দেওয়া হয়, তাই নম্রতা বাড়াবার চেষ্টা না করে অহংকার বাড়াবার কথা বলা ও শেখানো হয়, যেগুলি পতনের কারণ। 'পুরুষ এরূপ করলে আমি কেন করব না ? আমি কেন পেছনে থাকব ?'—এগুলি শুধু অহংকারের কথা। অহংকার্নই জন্ম-মৃত্যুর কারণ এবং নানাপ্রকার দুঃখ-শোক প্রদানকারী হয়ে থাকে —

> সংসৃত মূল সূলপ্রদ নানা। সকল সোক দায়ক অভিমানা॥

> > (শ্রীশ্রীরামচরিতমানস, উত্তরকাণ্ড ৭৪।৩)

অহংকারী ব্যক্তি শাস্ত্রের কথা কী বুঝবে ? তারা বুঝতেই পারে না।

<sup>(</sup>১)বৈবাহিকো বিধিঃ স্ত্রীণাং সংস্কারো বৈদিকঃ স্মৃতঃ।
পতিসেবা গুরোঁ বাসো গৃহার্থোহগ্নিপরিক্রিয়া।। (মনুস্মৃতি ২।৬৭)
'নারীদের পক্ষে বৈবাহিক বিধি পালন করাই হল বৈদিক সংস্কার (যজ্ঞোপবীত),
পতির সেবাই গুরুকুলবাস (বেদাধ্যয়ন) এবং গৃহকার্যই অগ্নিহোত্র বলা হয়।'
একই ধর্ম এক ব্রত নেমা। কায়ঁ বচন মন পতি পদ প্রেমা।।
(শ্রীশ্রীরামচরিতমানস, অরণ্যকাণ্ড ৫।৫)

জগতের কল্যাণের জন্যে মাতৃশক্তি অনেক কাজ করেছে। রক্তবীজ ইত্যাদি রাক্ষসদের সংহারও মাতৃশক্তির দ্বারা হয়েছে। মাতৃশক্তিই আমাদের হিন্দু-সংস্কৃতিকে রক্ষা করেছে। আজও প্রত্যক্ষভাবে দেখা যায় যে আমাদের ব্রত-উৎসব, রীতি-রেওয়াজ, মা-বাবার শ্রাদ্ধ ইত্যাদির খবর স্ত্রীলোকেরা যত রাখে, পুরুষেরা তত নয়। পুরুষ তার নিজের বংশের কথাই ভুলে যায়, কিন্তু পত্নী অন্য বংশের হলেও স্বামীকে বলে অমুক দিন তোমার মা কিংবা বাবার শ্রাদ্ধের দিন, ইত্যাদি ইত্যাদি। মন্দিরে, ভজন-কীর্তনে, সৎসঙ্গে যত নারী যোগদান করে, পুরুষেরা করে না। স্থান-ব্রত-দান-পূজা-রামায়ণ পাঠ ইত্যাদি নারীরা যত করে, পুরুষেরা করে না। তাৎপর্য হল এই যে নারীরাই আমাদের সংস্কৃতির রক্ষাকর্ত্রী। তাদের চরিত্র যদি নষ্ট হয়ে যায় তাহলে কী করে সংস্কৃতি রক্ষা পাবে ? একটি শ্লোক আছে—

অসন্তুষ্টা দিজা নষ্টাঃ সন্তুষ্টাশ্চ মহীভুজঃ। সলজ্জা গণিকা নষ্টা নির্লজ্জাশ্চ কুলাঙ্গনাঃ।।

(চাণক্যনীতি ৮।১৮)

'সন্তোষবিহীন ব্রাহ্মণ নষ্ট হয়, সন্তুষ্ট রাজা নষ্ট হয়ে যায়। লজ্জাবতী বেশ্যা নষ্ট হয় এবং লজ্জাহীনা কুলবধূ নষ্ট হয় অর্থাৎ তার পতন হয়।'

বর্তমানে সন্তান-জন্মরোধের কৃত্রিম উপায়ের প্রচার-প্রসারে স্থ্রীজাতির লজ্জা, শীল, সতীত্ব, সচ্চরিত্রতা, সদাচরণ ইত্যাদি নষ্ট হয়ে যাচ্ছে। পরিণামে স্থ্রীজাতি কেবল ভোগ্যা হয়ে উঠছে। স্থ্রী-জাতির চরিত্রই যদি ভ্রষ্ট হয় তাহলে দেশের কী অবস্থা হবে ? ভবিষ্যৎ বংশধরেরা তাদের প্রথম গুরু মায়ের কাছ থেকে কী শিক্ষা গ্রহণ করবে ? স্থ্রী যদি খারাপ হয় তাহলে তার থেকে যে সন্তান (ছেলেমেয়ে) জন্মায় তারাও খারাপ হবে। যদি স্থ্রী ঠিক থাকে তাহলে স্বামীর স্থভাব খারাপ হলেও সন্তান বিগড়ে যায় না। তাই স্থ্রীজাতির চরিত্র, শীল, লজ্জা ইত্যাদি রক্ষা করা এবং তাদের অপমান, তিরস্কার থেকে বাঁচানো মানুষমাত্রেরই কর্তব্য।

#### ধর্মের অবমাননা

ধর্মবিহীন নীতিই বিধবা এবং নীতিবিহীন ধর্ম হল বিপত্নীক। তাই ধর্ম এবং

রাজনীতি—উভয়েই অঙ্গাঙ্গীভাবে থাকা উচিত, তাহলেই সেই শাসন উত্তম হয়। কিন্তু আজকাল ধর্মের অবমাননা করা হচ্ছে। সেই জন্যেই দেশে তিনটি পাপ খুব সাংঘাতিকভাবে বেড়ে যাচ্ছে—ব্যভিচার, হিংসা এবং চুরি। এই তিন পাপের বৃদ্ধিতে দেশ ভয়ংকরভাবে পতনের দিকে চলে যাচ্ছে।

১) ব্যক্তিচারের বৃদ্ধি—সন্তান-জন্ম-রোধের কৃত্রিম উপায়ের প্রচার ও প্রসার দ্বারা ব্যভিচার বেড়ে যাচ্ছে, অবিবাহিত ছেলে-মেয়ে এবং বিধবাদের ভীষণভাবে পতন হচ্ছে। অবিবাহিত মেয়ে এবং বিধবা মহিলারাও গর্ভবতী হয়ে পড়ছে, কারণ তাদেরও গর্ভনিরোধ করা বা গর্ভপাত করায় কোনো অসুবিধা নেই; লোকের মধ্যে সচ্চরিত্রতা, সদাচার, শীল, লজ্জা ইত্যাদি ভীষণভাবে হ্রাস পাচ্ছে।

যে গতিতে সন্তান-রোধের উপায়ের প্রসার হচ্ছে, যদি এরূপ হতে থাকে তাহলে সমাজে ব্যভিচার ভীষণভাবে ছড়িয়ে পড়বে। যে-পুরুষ তার অপারেশন (নির্বীজ) করিয়েছে, তার কাছে কোনো পরস্ত্রী (বিবাহিতা, অবিবাহিতা, বিধবা) বলে কিছু থাকে না, এবং যে-মহিলা অপারেশন করিয়েছে, তার পক্ষে পরপুরুষ বলে কিছুই থাকে না। মর্যাদা বা ভয় কিছুই তাদের কর্মে অন্তরায়ের সৃষ্টি করে না। পুরাতন ধর্মের সংস্কারের কিছুটা অবশেষ থাকায় ততটা পতন চোখে পড়ছে না, — কিন্তু এই প্রবাহ কতদিন থাকবে ? ঠেলাগাড়িকে ধাক্কা দিলে সেই ঠেলাগাড়ি কিছুদূর আপনিই চলতে থাকে, তারপর থেমে যায়। তেমনই এই ধার্মিক সংস্কারের প্রবাহ যখন থেমে যাবে, তখন স্ত্রী বা পুরুষ কারোরই কোনো মর্যাদা বোধ থাকবে না। বিদেশে তো এখনই শোনা যায় যে মায়ের পরিচিতি আছে কিন্তু বাবার ঠিক নেই! ব্যভিচার ছড়িয়ে পড়লে দেশের যে কী অবস্থা হবে, কত অনর্থ হবে—তা এখন অনুমান করা সম্ভব নয়। তখন পশু আর মানুষে কোনো পার্থক্য থাকবে না। যেমন কুকুর, বেড়াল, ইঁদুর, গাধা, শূকর, মানুষও তেমনই হয়ে যাবে। ঐসব পশুদের যেমন আমরা কোনো ভালো কথা বোঝাতে পারি না, তেমনই মনুষ্য বেশধারী পশুদেরও কোনো ভালো কথা বোঝানো যাবে না।

সন্তান জন্মরোধের মূলে আছে কেবল সুখভোগের আকাজ্ফা। সন্তান

এইজন্য চাই না যে সে আমাদের সুখভোগে বাধাস্বরূপ হয়ে দাড়াবে। এরূপ অবস্থায় নিজ বাপ-মা, ভাই-বোনকে কীভাবে ভালো লাগবে? চোর যখন চুরি করতে মনস্থ করে তখন কেউ যাতে না দেখে সেরূপ ব্যবস্থা করে। ব্যভিচারী যখন কোনও স্ত্রীলোককে পায়, তখন সেও সেইখানে অন্য লোককে পছন্দ করে না<sup>(১)</sup>। এইরূপ মানুষের যখন সুখভোগের আকাঙ্ক্ষা বৃদ্ধি পাবে তখন তার অন্য কাউকে ভালো লাগবে না, শুধু তাই নয়, তার ত্যাগী সাধু সন্তদেরও ভালো লাগবে না, সুশিক্ষা প্রদানকারী ও সংযম, মর্যাদা, ধর্মকথা প্রবক্তাদেরও ভালো লাগবে না; কারণ তারা সুখভোগে, ব্যভিচারে বাধা দেয়। নিজ সুখভোগের বাধক মনে করে ভোগী ব্যক্তিরা তাদেরও হত্যা করতে আরম্ভ করবে। ভুল দূর কোরো না, ভুল যারা দেখিয়ে দেয় তাদের দূর করো—এই প্রস্তাব পাস করা হবে! যেমন, বাচ্চারা যদি অধিকার পায় তাহলে তারা এই প্রস্তাবই পাস করবে যে সমস্ত স্কুল বন্ধ করে দাও; কারণ এগুলি এক প্রকার জেলখানা। কারণ লেখাপড়াতে পরাধীনতা হয়, স্বাধীনতায় বাধা আসে।

২) হিংসার বৃদ্ধি—দেশে হিংসার খুব বৃদ্ধি হচ্ছে। প্রাপ্ত সংবাদ অনুযায়ী এখন দেশে তিন হাজার ছয় শত কসাইখানা আছে। তার মধ্যে দশটি বড় বড় যন্ত্রচালিত কসাইখানা আছে। এগুলিতে প্রতিদিন প্রায় আড়াই লাখ পশু বধ করা হয়, তারমধ্যে অন্তত পঞ্চাশ হাজার গোরু প্রতিদিন কাটা হয়। প্রতিবছর হাজার হাজার টন মাংস রপ্তানি করা হয়। তাছাড়াও বিভিন্ন ক্ষেত্রে হিংসা বৃদ্ধিপ্রাপ্ত হচ্ছে। মনুষ্যহত্যাও বৃদ্ধি পেয়েছে। খেতে বিষাক্ত ঔষধ ছেটানো হয়, যার ফলে অপ্রয়োজনীয় পোকামাকড়ের সঙ্গে সঙ্গে উপকারী জীবজন্তুও মারা যাচেছ। আসলে ভগবানের সৃষ্টিতে অপ্রয়োজনীয় বা বাজে কোনো জীবই নেই। কিন্তু লোভে অন্ধ মানুষ অন্যান্য জীবদের উপযোগিতা দেখতেই পায় না!

যে গতিতে দেশে হিংসা বৃদ্ধি পাচ্ছে, সেইভাবে বাড়তে থাকলে একসময় পশুধন নষ্ট হয়ে যাবে এবং মাংসাহারী মানুষ মানুষের মাংসই খেতে শুরু করবে! এইরূপ মানুষকেই রাক্ষস বলা হয়। শ্রীরামের অবতার

<sup>&</sup>lt;sup>(১)</sup> সুবরণ কো ঢূঁঢ়ত ফিরত, কবি ব্যভিচারী চোর। চরণ ধরত ধড়কত হিয়ো, নেক ন ভাবত শোর।।

সময়ও এমন দশা হয়েছিল যে, রাক্ষসেরা মুনিদের মাংস খেয়ে তাঁদের অস্থি দিয়ে পর্বত করে ফেলেছিল—

অস্থি সমূহ দেখি রঘুরায়া। পৃছি মুনিন্হ লাগি অতি দায়া।। জানতহূ পৃছিয় কস স্বামী। সবদরসী তুম্হ অন্তর্যামী।। নিসিচর নিকর সকল মুনি খায়ে। শুনি রঘুবীর নয় জল ছায়ে।।

(শ্রীশ্রীরামচরিতমানস, অরণ্যকাণ্ড ৯।৩-৪)

রাক্ষসেরা গৃহস্থদের না খেয়ে মুনিদেরই কেন খেয়েছিল ? অনুমান করা যায় যে, ঘাসভক্ষণকারীর মাংসের চেয়ে অন্নভক্ষকদের মাংস বেশি সুস্বাদু হয়ে থাকে। সিংহও যদি একবার নরমাংস খায় তবে সে নরভক্ষকই হয়ে ওঠে। মানুষের মধ্যে যারা সংযমী, ব্রহ্মচারী এবং সাধু ব্যক্তি, তাদের মাংস সুস্বাদু হওয়াই উচিত; কারণ সংযমী ব্যক্তির সমস্ত জিনিসই উত্তম হয়। আমরা দেখতে পাই যে, যে বাছুরকে বলদ তৈরি করা হয় তার মাংসে তত শক্তি নেই, যতো শক্তি বলদ না-করা বাছুরের থাকে। তাই মুসলিম দেশে বলদের মাংস সন্তায় পাওয়া যায় আর বলদ না-করা বাছুরের মাংস অত্যন্ত দামী হয়ে থাকে। সেইজন্য রাক্ষসেরা গৃহস্থদের না খেয়ে সংযমী মুনিদের খেত। শ্রেষ্ঠ ব্যক্তিরা সকলেই সংযমশীল হয়ে থাকেন। সংযমী ব্যক্তিদের বিনাশে দেশের কী ভয়ানক পতন হবে!

৩) চুরির বৃদ্ধি—দেশে চুরিও খুব বেড়ে গেছে। সরকার এত বেশি ট্যাক্স
ধার্য করেছেন এবং এমন আইন করেছেন যে তার হাত থেকে রক্ষা পেতে
লোকে ফাঁকি দেবার বিভিন্ন পথ অনুসন্ধান করেছে। উকিলরাও ট্যাক্স ফাঁকির
উপায় জানাচ্ছেন। সরকার বেশি ট্যাক্স এইজন্যই ধার্য করেছেন, যাতে ধনীদের
ধন-সম্পত্তি সরকারী কোষাগারে জমা পড়ে। কিন্তু ধনতো পাওয়া গেলই
না, উল্টে ধনী ব্যক্তিরা আরো অসং হয়ে উঠল! ধনীরাও এত ধূর্ত যে সরকার
যদি ডাল দিয়ে যান, তারা তবে পাতায় পাতায় যায়! সরকার যতই আইন
প্রণয়ন করুন, তারা কোনো না কোনো উপায় বার করবেই। এইভাবে সরকার
ও জনগণ—উভয়ের মধ্যেই অনৈতিকতা, অধর্ম, অন্যায় বেড়ে যাচ্ছে।

যে-হারে চুরি বাড়ছে, সেইভাবে বাড়তে থাকলে সমাজে লুটপাট শুরু হয়ে যাবে। বড় মাছ যেমন ছোট মাছকে খেয়ে ফেলে তেমনই শক্তিশালী লোক কমশক্তির লোকেদের লুট করবে। চোর ডাকাতের সংখ্যা বেশি হলে, ভোটে তারাই সংখ্যাগরিষ্ঠ হবে এবং তাদেরই হাতে রাজ্যভার চলে যাবে। এখনই অবস্থা এমন হয়েছে যে ভাড়াটিয়া বাড়ির মালিক হয়ে বসছে, চাষীরা খেতের মালিক হয়ে বসছে, ইত্যাদি। প্রাচীনকালে কোনো একসময় মহারাজ অশ্বপতি বলেছিলেন—

#### ন মে স্তেনো জনপদে ন কদর্যো ন মদ্যপঃ। নানাহিতাগ্নির্নাবিদ্বান্ন স্বৈরী স্বৈরিণী কুতঃ॥

(ছান্দোগ্যোপনিষদ্ ৫।১১।৫)

'আমার রাজ্যে কোনো চোরও নেই, কৃপণও নেই, কোনো মদ্যাসক্ত ব্যক্তি নেই, কোনো অনাহিতাগ্নি (যারা অগ্নিহোত্র করে না) নেই, কোনো অবিদ্বান ব্যক্তি নেই এবং কোনো পরস্ত্রীগামী ব্যক্তিও নেই, তাহলে কুলটা নারী (বেশ্যা) কী করে হবে ?'

কিন্তু এখন পরিস্থিতি উল্টে যাচ্ছে অর্থাৎ চোর, কৃপণ, মদ্যপায়ী, অনাহিতাগ্নি, অবিদ্বান, পরস্ত্রীগামী এবং বেশ্যা—এরাই প্রাধান্য পাচ্ছে।

ব্যভিচার, হিংসা ও চুরি— এই তিনটি বৃদ্ধি পাওয়ার পরিণাম অত্যন্ত ভয়ংকর হবে। কত যে ভয়ংকর—আমরা তা অনুমানও করতে পারি না। শাস্ত্রে আছে—

#### অপূজ্যা যত্র পূজ্যন্তে পূজ্যপূজাব্যতিক্রমঃ। ত্রীণি তত্র প্রজায়ন্তে দুর্ভিক্ষং মরণং ভয়ম্।।

(স্বন্দপুরাণ. মা. কে. ৩।৪৮)

'অপূজ্য ব্যক্তি যেখানে পূজিত হয় এবং পূজ্য ব্যক্তির নিন্দা হয়, সেখানে অকাল, মৃত্যু ও ভয়—এই তিনটি ব্যাপার অবশ্যই ঘটে।'

ভূমগুলে ভারতভূমির এক বিশেষ প্রভাব আছে, যা প্রত্যক্ষভাবে দেখা যায় না। এই ভূমিতে ঋষি ও মুনিদের বিশেষ শক্তি নিহিত রয়েছে। এই দেশ সমগ্র বিশ্বের জীবন, হিতকারী। সুতরাং ভারতের পতনে ভূমগুলের সমস্ত লোকের পতন ও অহিত হবে। এখন যা হচ্ছে, তা এক ভয়ংকর মহাভারতের, মহাসংহারের সূচনা। কিন্তু এছাড়া শোধরানোর, শান্তির কোনো পথ নজরে আসছে না! যখন ভীষণভাবে লোকসংহার হবে, শক্তি ও সম্পত্তি ধ্বংস হবে, তখনই শান্তির স্থাপনা হতে পারবে।

# ২. গৃহীদের জন্যে

(এই লেখাটি যদি আপনার মনের মতো নাও হয় তাহলেও অন্তত একবার অবশ্যই দয়া করে মনোযোগ দিয়ে পড়বেন—এই অনুরোধ।)

জনসংখ্যা-বৃদ্ধি রোধ করার জন্য সরকার পরিবার-পরিকল্পনার কার্যক্রম চালাচ্ছেন; যার ফলে গর্ভরোধ করার জন্য অথবা গর্ভপাতের মতো মহাপাপ করার জন্য লোকেদের উৎসাহিত করা হচ্ছে। এটি কার্যকর করার জন্য সরকার নতুন নতুন উপায় বার করে ব্যাপক স্তরে তার প্রচার এবং প্রসার চালাচ্ছেন। সরকারের এই কার্যক্রম কতটা ন্যায়সঙ্গত তা নিয়ে কিছু আলোচনা করা হচ্ছে—

#### পরিবার-পরিকল্পনার প্রচার ও প্রসারের কারণ

পরিবার-পরিকল্পনার কার্যক্রমের প্রারম্ভ সর্বপ্রথম পশ্চিমী দেশগুলিতে হয়েছিল, যারা ঈশ্বর, ধর্ম এবং পরলোক সম্বন্ধে প্রায়শই অনভিজ্ঞ। তারা চিন্তা করেছিল যে আমাদের জনসংখ্যা যে হারে বৃদ্ধি পাচ্ছে, তাতে ভবিষ্যতে আমাদের সম্পূর্ণ খাদ্য জুটবে না, থাকবার জন্য পর্যাপ্ত স্থান সংকুলান হবে না, জীবন-নির্বাহ করা কঠিন হয়ে পড়বে, আমাদের জীবনযাত্রার স্তর নেমে যাবে ইত্যাদি। তারা শুধু জনসংখ্যাবৃদ্ধির দিকে দৃষ্টি দিলেও এদিকে দৃষ্টি নিক্ষেপ করেনি যে জনসংখ্যা বৃদ্ধির সঙ্গে সঙ্গে জীবন-নির্বাহের সাধনগুলিও বৃদ্ধিলাভ করে, কারণ প্রয়োজনই হল আবিষ্কারের জননী। ফলে পরিবার-পরিকল্পনার কার্যক্রম থেকে জীবন-নির্বাহের সাধনগুলি তো বৃদ্ধি পায়নি, কিন্তু এমন অনেক দুরাচারবৃত্তির বৃদ্ধি হয়েছে, যার ফলে সমাজের ভীষণ পতন হয়েছে।

আসলে জীবন-নির্বাহের পক্ষে প্রয়োজনীয় বস্তু কমে যাবার কারণ

জনসংখ্যা বৃদ্ধি নয়, আসল কারণ হল নিজেদের সুখভোগের আকাজ্ফার বৃদ্ধি। ভোগেচ্ছা বৃদ্ধি পাওয়ার ফলেই মানুষ আরামপ্রিয় এবং অকর্মণ্য হয়ে পড়ে, যার জন্য তারা জীবননির্বাহের সাধনগুলির উপভোগ বেশি করলেও উৎপাদন কম করে, তার ফলে জীবননির্বাহের বস্তুগুলির অভাব হয়। শুধু তাই নয়, মানুষ নিজ ইচ্ছাপূরণের জন্য নানারূপ পাপকাজও করতে থাকে, যার মধ্যে গর্ভপাত ইত্যাদি সন্ততি-নিরোধের উপায়গুলিও আছে। গীতায় কাম বা ভোগেচ্ছাকেই সমস্ত পাপের মূল কারণ বলা হয়েছে—

> কাম এষ ক্রোধ এষ রজোগুণসমুদ্ভবঃ। মহাশনো মহাপাপ্মা বিদ্যোনমিহ বৈরিণম্॥

> > (গীতা ৩।৩৭)

'রজোগুণ হতে উৎপন্ন এই কার্মই হল ক্রোধ। এটি কিছুতেই তৃপ্ত হয় না ও মহাপাপের কারণ হয়ে থাকে। এই বিষয়ে তুমি একেই শত্রু বলে জেনো।'

ভোগ-বিলাসের বস্তুগুলিকে মানুষ তাদের প্রয়োজনীয় বস্তু বলে মনে করে। তারা সেই সব বস্তুর এতো অধীন হয়েছে যে, সেগুলি ছাড়া তাদের জীবন দুর্বিষহ বলে মনে হয়, যার কারণ হল আলস্য, প্রমাদ ও আরামপ্রিয়তা। যখন তার পক্ষে নিজ প্রয়োজন পূরণ করাই কঠিন মনে হয়, তখন সে তার সন্তানের প্রয়োজন কী করে মেটাবে! তাই তারা সন্তান জন্মরোধের উপায় কার্যকরী করতে আরম্ভ করেছে। তাদের কাম-বাসনা এত বেড়ে গেছে যে তারা নিজেদের স্থ্রীকে ভোগসামগ্রী মনে করাই ঠিক বলে ভাবে, কিন্তু ভোগের প্রাকৃতিক পরিণাম—সন্তান জন্ম—তা ঠিক বলে মনে করে না। তারা চিন্তা করে যে সন্তান না হলে আমার স্থ্রী অনেকদিন যুবতী থাকবে, আমাদের ভোগের যোগ্য থাকবে, কিন্তু তারা এটা বোঝে না যে হাজার চেষ্টা করলেও বৃদ্ধাবস্থা আসবেই এবং তারপর মৃত্যুও আসবে, কারণ তা অনিবার্য। তাদের হৃদয়ে না আছে কিন্তু প্রকারের প্রতি বিশ্বাস, না নিজের ভাগ্যের ওপর বিশ্বাস এবং না আছে নিজ পুরুষার্থের (কর্তব্যের) ওপর বিশ্বাস! অর্থাৎ ঈশ্বর সকলের পালনকর্তা, প্রত্যেক ব্যক্তি নিজ কর্মানুসারে ভাগ্য পায় এবং নিজ পুরুষার্থ (উদ্যোগ) দ্বারা অর্থ উপার্জন করে পরিবার পালন-পোষণ সম্ভব— এই সব ব্যাপার থেকে

মানুষের বিশ্বাস সরে গেছে। সেই জন্যই অত্যন্ত দ্রুতগতিতে পরিবার -পরিকল্পনার প্রচার ও প্রসার হচ্ছে।

## পরিবার-নিয়ন্ত্রণ কি প্রয়োজন ?

জনসংখ্যা-বৃদ্ধির ফলে যে-সব ক্ষয়-ক্ষতির কথা প্রচার করা হচ্ছে, তা কেবল অহেতুক কল্পনা, তাতে একেবারেই বাস্তবিকতা নেই। পরিবার-নিয়ন্ত্রণের সমর্থকেরা বলেন যে জনসংখ্যা বৃদ্ধি পেলে খাদ্যে টান পড়বে, যার ফলে সকলে সম্পূর্ণ আহার পাবে না। একথা তখনই খাটে যখন অন্ন এক পরিমিত মাত্রায় মজুত থাকে এবং পরে আর অন্ন উৎপাদনের ব্যবস্থা না থাকে। জনসংখ্যা-বৃদ্ধির ফলে খাদ্যের জন্য চিন্তা করা ব্যক্তিগণ ভুলে যান যে, জনসংখ্যা বৃদ্ধি হলে শুধু খাবার লোকই বাড়ে না, খাবার উৎপাদনকারীও বাড়ে। প্রত্যেক ব্যক্তি শুধু পেট নিয়ে জন্মায় না, দুটি হাত, দুটি পা ও একটি মাথাও নিয়ে জন্মায় ; যাতে সে শুধু নিজের নয়, বরং বেশ কিছু প্রাণীর ভরণ-পোষণ করতে সক্ষম হয়। আসলে খাদ্যবস্তু তখনই কম হতে পারে, যখন মানুষ কাজ না করে ভোগী, অলস ও আরামপ্রিয় হয়। প্রয়োজনীয়তাই হল আবিষ্কারের জননী। সুতরাং যখন জনসংখ্যা বাড়বে, তখন তার পালন-পোষণের আনুষঙ্গিক পরিবেশও বাড়বে, খাদ্য-উৎপাদনকারী বাড়বে, বস্তুর উৎপাদন বৃদ্ধি পাবে, উদ্যোগও বাড়বে। আমি যতদূর জানি, পৃথিবীতে মোট সত্তর ভাগ খেতের জমি আছে, তার মাত্র দশ শতাংশে চাষ হচ্ছে, কেননা খেতে কাজের লোক পাওয়া যাচ্ছে না। অতএব জনসংখ্যার বৃদ্ধি হলে খাদ্য কম হওয়ার কোনো প্রশ্নই আসে না। অতীতের দিকে দৃষ্টি দিলে দেখা যায় যে, জনসংখ্যা যেমন বেড়েছে, অন্ন উৎপাদন তার থেকে অনেক বেশি হয়েছে। তাই জে.ডি.বার্ণেল প্রভৃতি বিশেষজ্ঞদের অভিমত হল যে, জনসংখ্যা বৃদ্ধি পেলেও আগামী একশো বছর খাদ্য কম পড়ার কোনো কারণ নেই। প্রসিদ্ধ ইকনমিস্ট কলিন ক্লার্ক এও বলেছেন যে, খেতের জমি যদি ঠিকমতো ব্যবহার করা হয় তাহলে বর্তমান জনসংখ্যা দশগুণ বৃদ্ধি পেলেও খাদ্যের কোনো সমস্যার সৃষ্টি হবে না। (Population Growth and Living Standard) ১৮৮০ সালে জার্মানীতে জীবন-নির্বাহের বস্তুর অত্যন্ত অভাব ছিল, পরের চৌত্রিশ বছরে যখন জার্মানীর জনসংখ্যা অত্যন্ত বেড়ে যায় তখন জীবন-নির্বাহের বস্তুগুলি কম না হয়ে এত বৃদ্ধি পায় যে কাজের জন্যে বাইরে থেকে লোক আনতে হয়। ইংল্যান্ডের জনসংখ্যা তীব্রগতিতে বাড়লেও সেখানকার জীবন-নির্বাহের বস্তুর কোনও অভাব হয়নি। প্রত্যক্ষ ব্যাপার হল যে, জগতে মোট জনসংখ্যা যত বেড়েছে, জীবন-নির্বাহের বস্তু তার থেকে অনেক বেশি বৃদ্ধি পেয়েছে।

পরিবার-নিয়ন্ত্রণের সমর্থনে আরও একটি কথা বলা হয় যে, জনসংখ্যা বাড়লে লোকের থাকবার জায়গা পাওয়া মুস্কিল হবে। চিন্তা করে দেখতে হয় যে, এই সৃষ্টি সহস্র কোটি বছর ধরে রয়েছে, কিন্তু কখনো কেউ দেখেনি বা শোনেনি যে, কোনো সময় জনসংখ্যা বৃদ্ধির ফলে পৃথিবীতে থাকার জায়গার অভাব হয়েছে! জনসংখ্যা নিয়ন্ত্রণে রাখা এবং তার জীবন-নির্বাহের ব্যবস্থা করা মানুষের হাতে নেই, তা আছে এই জগৎ সৃষ্টিকারী ভগবানের হাতে। ভগবান বলেছেন যে—

গামাবিশ্য চ ভূতানি ধারয়াম্যহমোজসা। ( গীতা ১৫।১৩)

'আমি এই পৃথিবীতে প্রবিষ্ট হয়ে নিজ শক্তির দ্বারা সমস্ত প্রাণীদের ধারণ করে থাকি।'

যো লোকত্রয়মাবিশ্য বিভর্ত্যব্যয় ঈশ্বরঃ।। (গীতা ১৫।১৭)

'সেই অবিনাশী ঈশ্বর ত্রিলোকে প্রবিষ্ট হয়ে সকলের ভরণপোষণ করে থাকেন।'

ব্রিটিশ এসোসিয়েশনের অধ্যক্ষ স্যার উইলিয়াম ক্রোক্সও ১৮৯৮ সালে এখনকার মতো সতর্কবাণী করেছিলেন যে 'জনসংখ্যা বৃদ্ধির ফলে পৃথিবীতে জীবন-নির্বাহের বস্তু আগামী ত্রিশ বছরের পর আমাদের প্রয়োজনীয়তা পূরণ করতে পারবে না। সূতরাং ইংল্যান্ড ইত্যাদি দেশগুলি শীঘ্রই দুর্ভিক্ষের সম্মুখীন হতে পারে!' কিন্তু পরবর্তী ত্রিশ বছরে দুর্ভিক্ষ হওয়া তো দূরের কথা, খাদ্য উৎপাদন এতো বৃদ্ধি পেয়েছিল যে খাদ্যের দামও অত্যন্ত কমে যায়, যার জন্য আমেরিকা ইত্যাদি কিছু দেশে তাদের প্রয়োজনের অতিরিক্ত গম জ্বালিয়ে বা সমুদ্রের জলে ফেলে নষ্ট করতে হয়।

বর্তমানে কোটি কোটি একর জমি খালি পড়ে আছে। সুতরাং জনসংখ্যা বৃদ্ধিতে কোলাহল করার এমন কিছু নেই যে ভবিষ্যতে লোকের খাদ্য বা থাকার স্থান হবে না। ভারতের এতো প্রাকৃতিক সম্পদ আছে যে বর্তমান জনসংখ্যা দ্বিগুণ বৃদ্ধি পেলেও সকলেরই জীবন-নির্বাহ হওয়া সম্ভব। ভারতের প্রাকৃতিক সম্পদ জগতের মধ্যে সবথেকে বেশি। যত জিনিস এখানে উৎপন্ন হয়, তত আর কোথাও হয় না। জনসংখ্যা যদি কম হয়ে যায় তাহলে এর উৎপাদন কে করবে ? কারণ জনসংখ্যার ঘাটতি হলে অন্ন ইত্যাদি উৎপাদনকারী কুশল ব্যক্তি, উৎপাদনকারী শক্তি এবং উৎপাদনের উপযোগী উপায়ের অভাব হবে।

সরকার যদি জনসংখ্যা বৃদ্ধিকে একটি সমস্যা বলে মনে করেন তাহলে তার প্রকৃত ও যুক্তিযুক্ত সমাধান হল এই যে, জীবন নির্বাহের প্রয়োজনীয় বস্তুর উৎপাদন বৃদ্ধি করা, নতুন নতুন উপায়ের আবিষ্কার করা। যে দেশগুলি এই ব্যবস্থা গ্রহণ করেছে, তাদের জীবন-নির্বাহের বস্তুগুলি জনসংখ্যা বৃদ্ধির থেকেও অনেক বেশি বেড়ে গেছে। কারণ আসলে জীবন-নির্বাহের বস্তুগুলির সঙ্গে জনসংখ্যা বৃদ্ধির কোনো সম্পর্কই নেই। সেই বস্তুগুলির তখনই অভাব হয়, যখন মানুষ আলস্যপরায়ণ, প্রমাদী, ভোগী ও অকর্মণ্য হয়ে নিজের নিজের দায়িত্ব পালন না করে। তারা ব্যয় বেশি করলেও কাজ কম করে, যা দেশকে ক্রমশ দরিদ্র করে।

দেশের সমস্যাগুলির সমাধানের জন্য পরিবার-পরিকল্পনার কার্যক্রম মেনে নেওয়া প্রকৃতপক্ষে নিজের পরাজয় স্থীকার করা। তাতে প্রমাণিত হয় যে, মানুষ এত অলস ও অকর্মণ্য হয়ে পড়েছে যে সে তার প্রয়োজন অনুযায়ী জীবন-নির্বাহের উপায়ের বৃদ্ধি না করে নিজেকে শেষ করাই ভালো বলে মনে করে। যেমন গায়ে কোনো কাপড় যদি ঠিক মতো না লাগে তবে কাপড়ের আকার ঠিক না করে গা-টি কেটে কাপড়ের মাপে আনার চেষ্টা করা! মানুষের জন্যেই কাপড়, কাপড়ের জন্যে মানুষ নয়। যদি মানুষ কাপড়ের জন্যে হয়ে থাকে তাহলে তার আর মনুষ্যত্ব থাকে না। কলিন ক্লার্ক লিখেছেন যে, ইকনমিস্টদের কাজ হল জনসংখ্যা অনুসারে অর্থব্যবস্থা কীভাবে ঠিক করা যায় তাই বলা, অর্থব্যবস্থা অনুযায়ী জনসংখ্যা ঠিক করা নয়। কোন ইকনমিস্ট, তা

তিনি যত বিদ্বানই হন না কেন বা কোনো সরকার, তা যত শক্তিশালীই হোক না কেন, এই অধিকার তাদের নেই যে মা-বাপকে বলবে যেন তাদের সন্তান কম হয় অথবা একেবারেই না হয়। বরং প্রতিটি মা-বাপের এই অধিকার আছে, তারা ইকনমিস্টদের বা সরকারের কাছে দাবী জানাতে পারে যে, তাঁরা অর্থব্যবস্থা এমন সুদৃঢ়ভাবে যেন করেন যাতে তাঁদের পরিবার প্রয়োজন অনুযায়ী জীবন-নির্বাহ করতে সক্ষম হয়।'

একটি মানুষের একবার স্ত্রী-সহবাসে যত বীর্যপাত হয়, তাতে কয়েক কোটি বাচ্চা জন্মাতে পারে। কারণ এতে পঁচিশ থেকে পঞ্চাশ কোটি শুক্রাণু থাকে, এবং প্রত্যেক শুক্রাণু থেকেই একটি করে মানুষ জন্ম নেবার ক্ষমতা থাকে। কিন্তু তার মধ্যে থেকে কোনো একটি মাত্র শুক্রাণু স্ত্রীগর্ভে মিশে মানুষরূপে জন্ম নেয়। মানুষের এই সন্তান উৎপাদক ক্ষমতাকে কোনো দেশের সরকার বা কোনো মানুষ নিয়ন্ত্রিত করেনি, তিনিই নিয়ন্ত্রিত করেছেন, যিনি এই সম্পূর্ণ জগতের রচয়িতা, পালনকর্তা এবং সংহার কর্তা<sup>(১)</sup>। জনসংখ্যা নিয়ন্ত্রণ অর্থাৎ জনসংখ্যা বাড়ানো-কমানো তাঁরই দায়িত্ব; সরকারের নয়। তাৎপর্য হল যে, সরকারের অধিকার জনসংখ্যা নিয়ন্ত্রণ করা নয়, বরং তার কাজ হল জনসংখ্যা অনুসারে জীবন-নির্বাহ এবং তার সুরক্ষার ব্যবস্থা করা। যদি জনসংখ্যা এবং জীবন নির্বাহের বস্তুগুলির মধ্যে ভারসাম্য ঠিক রাখার চেষ্টা করা হয়, তবে তা ঠিক না হয়ে বিগড়ে যায়। কারণ জীবন-নির্বাহের মাধ্যম মানুষের জন্যে, মানুষ তার জন্যে নয়। মনুষ্য-জন্ম রোধ করে অন্নের ফলন বাড়াবার চেষ্টা হল তেমনই, যেমন সন্তানকে গর্ভে আসতে না দিয়ে, মায়ের দুধ অধিক পাবার চেষ্টা! যেখানে অধিক গাছ থাকে, সেখানে বৃষ্টি বেশি হয়, তাহলে মানুষ বেশি হলে কি আর অন্ন উৎপাদন বেশি হবে না ? প্রত্যক্ষ ব্যাপার হল যে, দেশে যখন পরিবার-পরিকল্পনার কার্যক্রম শুরু হয়নি, তখন খাদ্য যত সস্তা ছিল, আজ আর তত নেই।

<sup>(</sup>৭।১১), 'মানুষের মধ্যে ধর্মের অবিরুদ্ধ অর্থাৎ ধর্মযুক্ত কাম আর্মিই;' 'প্রজনশ্চাস্মি কন্দর্প' (১০।২৮) 'সন্তান-উৎপাদনের হেতু কাম আর্মিই'।

সরকার যদি জনসংখ্যা নিয়ন্ত্রণেই রাখতে চান তাহলে 'জন্মের ওপর নিয়ন্ত্রণ' রাখার সঙ্গে সঙ্গে 'মৃত্যুর ওপরও নিয়ন্ত্রণ' রাখা উচিত, যদি মৃত্যুর ওপর নিয়ন্ত্রণ না রাখতে পারে, তাহলে জন্মের ওপরও নিয়ন্ত্রণ রাখার কোনো অধিকার তার নেই! মানুষের জন্ম যদি কমানো হয় আর মৃত্যু আগের মতো একই ভাবে হতে থাকে, তাহলে ফল কী হবে ? যুদ্ধ, দুর্ভিক্ষ, বন্যা, ভূমিকম্প, মহামারী ইত্যাদি কারণে যত মানুষ মৃত্যুমুখে পতিত হয়, তার কোনো সীমা নেই। সুতরাং পরিবার-পরিকল্পনার দ্বারা সরকার জনসংখ্যার সীমা ঠিক করতে পারেন না যে অমুক সীমা পর্যন্ত জনসংখ্যা কম করা হবে এবং তার থেকে আর কম করা হবে না; যদি কম হয়ে যায় তাহলে তা তৎক্ষণাৎ পূরণ করা হবে! তাৎপর্য হল এই যে, জনসংখ্যা-নিয়ন্ত্রণের ব্যবস্থা ভগবানের হাতেই থাকে। কোটি কোটি বছর ধরে এই ব্যবস্থা তিনি ঠিক ভাবে চালিয়ে আসছেন। এতে হস্তক্ষেপ করার কোনো অধিকার মানুষের নেই। যে দেশ এই বিষয়ে হস্তক্ষেপ করেছে তারা এর কুফল পেয়েছে।

সন্তান-জন্ম-রোধ হল নাস্তিকতাবাদরূপী বিষবৃক্ষের ফল। নাস্তিক, অলস-প্রমাদী এবং ভোগী ব্যক্তিরাই সন্তান-নিরোধের কাজ আরম্ভ করেছে, তারাই সন্তান-জন্ম-রোধের সমর্থনে আয়োজিত পরিকল্পনায় প্রভাবিত হয় এবং এর কুফলও তারা ভোগ করবে!

### পরিবার-পরিকল্পনা কার্যক্রমের কুফল

ইংল্যান্ড, আমেরিকা, জার্মানী, ফ্রান্স ইত্যাদিতে বিগত একশো বছর ধরে যে তীব্রগতিতে পরিবার-পরিকল্পনা কার্যক্রম শুরু করেছিল, তার ফল বিশ্লেষণ করে আমেরিকার জনসংখ্যা বিশেষজ্ঞ প্রফেসর ওয়ারেন থম্পসন লিখেছেন যে, 'যে-সমাজ পরিবার-পরিকল্পনা করেছে, সেই সমাজে শারীরিক শক্তিসম্পন্ন লোকের সংখ্যা বাড়লেও বুদ্ধিতে কুশলী এবং চিন্তাশীল লোকের সংখ্যা কম হচ্ছে।' অন্য বিদেশী পণ্ডিত এ্যালডুস হাক্সলে, বার্ট্রাণ্ড রাসেল প্রভৃতিও এই কথাই বলেছেন যে, 'পরিবার পরিকল্পনার জন্য মানুষের স্বাস্থ্য এবং বুদ্ধির স্তর নেমে যাচ্ছে এবং অল্পবুদ্ধিসম্পন্ন ও অকুশল লোকের

সংখ্যা বৃদ্ধি পাচ্ছে।' কারণ বিবাহের পর প্রথম প্রথম স্ত্রীর স্বামীর প্রতি এবং স্বামীর স্ত্রীর প্রতি বিশেষ আকর্ষণ থাকে, যার জন্যে তাদের মধ্যে প্রবল ভোগাকাজ্কা থাকে। তাই প্রথমে যে সন্তান হয়, তারা সেই ভোগাকাজ্কা থেকেই জন্ম নেয়। তাই প্রারম্ভের সন্তানগণ প্রায়শই তত ভালো হয় না এবং পরবর্তী সন্তান অপেক্ষা তারা অল্পবৃদ্ধিবিশিষ্ট, বিবেকহীন ও ভোগী হয়। তাই গীতায় বলা হয়েছে যে ভোগাকাজ্কারহিত যোগীদের কুলেই শ্রেষ্ঠ বৃদ্ধিসম্পন্ন যোগভ্রম্ট সাধকের জন্ম হয়—

## 'যোগিনামেব কুলে ভবতি ধীমতাম্' (গীতা ৬।৪২)

পরিবার-পরিকল্পনা করলে সমাজে শিশু এবং যুবকের সংখ্যা কম হয়ে যায় এবং দেশে বৃদ্ধের সংখ্যা বেড়ে যায়, তার ফলে দেশের আর্থিক উন্নতি থেমে যায় এবং দেশ নানাদিকে পিছিয়ে পড়ে। শিশু এবং বৃদ্ধদের অনুপাত নষ্ট হওয়াতে সমস্ত দেশের ব্যবস্থা নড়বড়ে হয়। লর্ড কীন্স এবং প্রোফেসর হেন্সের মত অনুযায়ী 'জনসংখ্যা বৃদ্ধি হলে অর্থনৈতিক অবস্থা জীবন পায়, জনসংখ্যা কম হলে বেকারি বৃদ্ধি পায়।' কলিন ক্লার্ক লিখেছেন যে, 'যদি জনসংখ্যা বৃদ্ধি পায় এবং কর্মক্ষেত্রের আয়তন বাড়ে তাহলে ব্যক্তি-প্রতি উৎপাদনও বৃদ্ধি পায়, কম হয় না। যদি আমেরিকার ও পশ্চম য়ুরোপে জনসংখ্যার বৃদ্ধি না হত তাহলে বর্তমানের নানা উদ্যোগ সঙ্কটগ্রস্ত হত এবং তার উৎপাদন খরচও অনেক বেড়ে যেত।'

সন্তাননিরোধের ব্যাপক প্রচারে এবং প্রসারে ভোগেচ্ছা অত্যন্ত বেড়ে যায়। ভোগেচ্ছা বাড়লে তার প্রভাব বিবাহিত নারী-পুরুষের মধ্যেই সীমাবদ্ধ থাকে না, তা অবিবাহিত ছেলে-মেয়েদের মধ্যেও ছড়িয়ে পড়ে, যার ফলে সমাজে ব্যভিচার বৃদ্ধি পায় এবং সামাজিক মর্যাদা নষ্ট হয়। মর্যাদা নষ্ট হলে মানুষ পশুর মতো হয়ে যায়। তখন অবিবাহিতা এবং বিধবা নারীরাও গর্ভবতী হয়ে যায়; কারণ গর্ভরোধ করা বা গর্ভ নষ্ট করার উপায় তখন তারা পেয়ে গেছে। ব্যভিচার বৃদ্ধি হলে গনোরিয়া, সিফিলিস, এড্স্ ইত্যাদি নানা ভয়ংকর ব্যাধি ছড়ায়। মানুষের চরিত্র নষ্ট হলে দেশের ঘার অবনতি হয়। পরিবার-পরিকল্পনার এই কুফল পশ্চিমী দেশগুলিতে প্রত্যক্ষ করা যায়। সেই স্থানে যৌন

অপরাধ অত্যন্ত বেড়ে গেছে এবং কুড়ি বছরেরও কমবয়েসী ছেলে-মেয়েদের মধ্যে যৌনরোগ প্রবলভাবে ছড়িয়ে পড়ছে।

বিদেশে স্বামী-স্ত্রীর মধ্যে সম্পর্কের অবনতি এবং ডাইভোর্সের প্রবণতা বৃদ্ধির পেছনেও একটি কারণ হল পরিবার পরিকল্পনা। যাদের সন্তান নেই বা সন্তান সংখ্যা কম, সাধারণত সেই স্বামী-স্ত্রীরাই ডাইভোর্স নিয়ে থাকে। কারণ সন্তান জন্মালে পতি-পত্নীর সম্বন্ধ দৃঢ় হয় এবং তারা মা-বাপ রূপে এক শ্রেষ্ঠ স্থান লাভ করে। কিন্তু সন্তাননিরোধের দ্বারা পতি-পত্নীর সম্পর্ক শিথিল হয়ে শুধুমাত্র কাম-বাসনা পূর্তির মধ্যে সীমাবদ্ধ হয়ে থাকে। স্ত্রী মায়ের উচ্চে পদ লাভ করে না, সে পুরুষের ভোগ্যা হয়েই থাকে, যা তার পতনের মূল। স্বামী-স্ত্রীর সম্পর্কে যখন শৈথিল্য আসে তখন সমাজে ডাইভোর্স, ব্যভিচার ইত্যাদি দোষের আধিক্য দেখা যায়, যার ফলে ভীষণ দৃঃখ নেমে আসে।

মা হলেই ষ্ট্রীলোক শ্রদ্ধা ও সম্মান পায়, ভোগ্যা হলে নয়। ভোগ্যা হয়ে থাকলে যখন সে আর ভোগের যোগ্য থাকে না, তখন তার দেখাশুনা কে করবে ? তখন তার লাঞ্ছনা বাড়তে থাকে। স্বামী যদি তাকে ডাইভোর্স করে, আর ছেলে না থাকে, তবে কে তাকে দেখবে ? যদি সন্তান না থাকে তাহলে বৃদ্ধা অথবা অসুস্থ স্থীর সেবা-শুশ্রমা কে করবে ? কারণ মায়ের যাতে কন্ট না হয়, তার যাতে সেবা-শুশ্রমা হয়—তা ছেলে-নাতি যত ভাবে, তত আর কেউন্মা।

মানুষের মনে যখন এই স্বার্থপরতা আসে যে কম সন্তান হলে তারা সুখী থাকবে, তাদের জীবন সুখের হবে, তখন তাদের এই মনোভাব কেবলমাত্র কম বাচ্চা হওয়া বা বাচ্চা না-হওয়াতেই সীমাবদ্ধ থাকে না। তখন তার স্বার্থ সিদ্ধির পথে নিজের সন্তানকেই শুধু প্রতিবন্ধক বলে মনে হয় না, বরং বৃদ্ধ মা-বাবা, ভাই-বোন, পরিবারের রুগ্ন, পঙ্গু, অসমর্থ, দরিদ্র পরিজনদেরও প্রতিবন্ধক বলে মনে হয়! পশ্চিমী দেশগুলিতে তাই দেখা যাচ্ছে। যারা নিজ সন্তানের পালন পোষণ করতেই নারাজ, তারা অপরের পালন-পোষণ করবে কী ভাবে? সুতরাং পরিবার-পরিকল্পনার প্রচার ও প্রসারে মানুষের মধ্যে সেবা, ত্যাগ, প্রেম, পরহিতের ভাব ইত্যাদি চিন্তাধারা নম্ভ হয়ে যায় এবং তারা

আগের থেকে বেশি স্বার্থপর হয়ে ওঠে।

প্রত্যেক ব্যক্তি শুধু নিজের পরিবার, তার পরিস্থিতি, নিজের স্বার্থ দেখেই পরিবার সীমায়িত করে, দেশের অবস্থা দেখে নয়। দেশের শক্তি ঠিক রাখার জন্যে কমপক্ষে কত জনসংখ্যা প্রয়োজন, তা কোনো ব্যক্তি চিন্তা করে না। যারা কেবল এক বা দুটি সন্তানের জন্ম দেয়, তারা প্রায়শই আশা করে যে তাদের সন্তান তাদের কাছে থেকে তাদের সেবা করবে, তাদের স্বার্থ দেখবে, তাদের প্রয়োজনগুলি পূরণ করবে<sup>(১)</sup>। আমাদের সন্তান দেশের সেবা করবে, সৈন্যদলে ভর্তি হয়ে দেশকে শত্রুর হাত থেকে রক্ষা করবে — এই ভাব সাধারণত সেই সব পিতামাতার থাকে, যাদের সন্তান সংখ্যা বেশি। একটি-দুটি সন্তান হলে ঘরের কাজই পূরণ হয় না, তাহলে সৈন্য দলে যাবে কে ? সাধু কে হবে ? শাস্ত্রজ্ঞ পণ্ডিত কে হবে আর কেই বা হবে শাস্ত্রের ব্যাখ্যাতা ? বেশি সন্তান হলে কেউ যাবে সৈন্যদলে, কেউ চাষ করবে, কেউ ব্যবসা করবে, কেউ তৈরি করবে ফ্যাক্টরী। পরিবার-পরিকল্পনার সমর্থকেরা বলে থাকে যে, জনসংখ্যা বৃদ্ধি হলে লোক অনাহারে মরবে, কিন্তু আমি বলি যে জনসংখ্যা কম হলেই লোক অনাহারে মরবে, কারণ চাষ করার জন্য এখনই লোক কম পাওয়া যায়, পরে ভবিষ্যতে জনসংখ্যা আরও কম হলে লোক কোথায় পাওয়া যাবে ? যা এখন পাওয়া যায়, তারা পয়সা পুরো নিলেও মন দিয়ে পরিশ্রমের সঙ্গে কাজ করে না। এটি প্রত্যক্ষ দেখা যায় যে ঘরের ছেলে যত মন দিয়ে পরিশ্রমের সঙ্গে নিজের ঘরের কাজ করে, মজুর বা পয়সা দিয়ে-রাখা লোক তত কাজ করে না। পাশ্চাত্য বিশেষজ্ঞদের অনুমান যে, যদি এক হাজার ব্যক্তি এইভাবে দুটি করে সন্তান উৎপাদন করে, তাহলে ত্রিশ বছর পরে জনসংখ্যা কমে ৩৩১ হবে, যাট বছর পরে ১৮৬ হবে এবং দেড়শো বছর পরে তা ১৩ তে নেমে আসবে। জনসংখ্যা যদি অত্যধিক কমে যায় তাহলে দুর্ভিক্ষ, বন্যা, ভূমিকম্প ইত্যাদি প্রাকৃতিক প্রকোপ বাড়ে এবং শত্রুর হাত থেকে নিজেদের

<sup>&</sup>lt;sup>(১)</sup> মাতু পিতা বালকন্হি বোলাবহিঁ। উদর ভ'রে সোই ধর্ম সিখাবহিঁ।। (শ্রীশ্রীরামচরিতমানস, উত্তরকাণ্ড, ৯৯।৪)

রক্ষা করতে সক্ষম হয় না এবং ফলস্বরূপ নিজের অস্তিত্বই মুছে যেতে বসে। সূতরাং যে-জাতি পরিবার-পরিকল্পনা করে, তারা আসলে আত্মহত্যাই করে থাকে।

আমেরিকা জাপানে যে এ্যাটম বম বর্ষণ করেছিল, তার শক্তি ছিল ২০ হাজার টি. এন. টি. এবং এতে মারা গিয়েছিল ৭৮, ১৫০ জন মানুষ, ৩৭, ৪২৫ জন আহত হয়েছিল ও ১৩, ০৮৩ ব্যক্তি নিরুদ্দেশ হয়েছিল। আর এখন দশ কোটি টি. এন. টি. বা তার থেকে অধিক শক্তিসম্পন্ন এ্যাটম বম তৈরি করা হচ্ছে। ভবিষ্যতে যদি এইরূপ বিনাশকারী অস্ত্রাদির সাহায্যে যুদ্দ করা হয় তাহলে যুদ্দের অন্তর্গত দেশগুলিতে জনসংখ্যা হঠাৎ যে কত কমে যাবে-তার আন্দাজ করা মুশকিল। যে-দেশের জনসংখ্যা আগে থেকেই কম করা হয়েছে, এরূপ যুদ্দে তাদের তো সর্বতোভাবে বিনাশ হরেই!

প্রায় দু-হাজার বছর আগে য়ুনানেও গর্ভপাত ইত্যাদির প্রচলন ছিল এবং তার জনসংখ্যা কমে যাচ্ছিল। সেই সময় ঐ স্থানে গৃহযুদ্ধ আরম্ভ হয়। এই দুই প্রকার লোকসান য়ুনান সইতে পারেনি এবং ফলে তাকে অন্যের গোলাম হয়ে থাকতে হয়। কোনো সময়ফ্রান্সকে জগতের প্রধান শক্তিগুলির মধ্যে ধরা হত। কিন্তু বিশ্বযুদ্ধ তার পরাজয় হলে, মার্শাল পীটা স্পষ্টভাবে স্বীকার করেছিলেন যে, 'জনসংখ্যা কম হওয়াই আমাদের পরাজয়ের মূল কারণ।'

রাজনীতির দৃষ্টিতে দেখলেও জনসংখ্যা বৃদ্ধির যথেষ্ট গুরুত্ব রয়েছে। জনসংখ্যা কমে গেলে পরিণামে রাজনৈতিক শক্তি হ্রাস পায়। প্রোফেসার অরগাঁস্কি অলব্রেনো বলেছেন যে, য়ুরোপকে বিশ্বের সব থেকে বড় শক্তি রূপে তৈরি করার পেছনে জনসংখ্যা বৃদ্ধিই হল প্রধান কারণ।' (পপুলেশন এণ্ড পলিটিক্স)। পশ্চিমী দেশগুলিতে জনসংখ্যা কমার সঙ্গে সঙ্গে রাজনৈতিক শক্তিও হ্রাস পেয়েছিল, যা বিশ্বযুদ্ধের পর জানা যায়। তাই ঐ সব দেশ জনসংখ্যা বৃদ্ধির ওপর জোর দিয়েছে। শুধু তাই নয়, নিজের পূর্বের শক্তি ফিরে পাবার জন্য পশ্চিমী দেশগুলি পূর্বের দেশগুলির ওপর জোর চালাচ্ছে যাতে তারা পরিবার-পরিকল্পনার সাহায্যে নিজ জনসংখ্যা কম করে। আর্থারমেক কারমেক স্পষ্ট করে বলেছেন যে, বিকশিত দেশগুলি চায় যাতে

বিকাশশীল দেশগুলির জনসংখ্যা কম হয়, কারণ তাদের জনসংখ্যা বৃদ্ধিকে এই দেশগুলি তাদের উচ্চ জীবন-স্তর এবং রাজনৈতিক সুরক্ষার পক্ষে বিপজ্জনক বলে মনে করে। তাদের উদ্দেশ্য হল, পিছিয়ে-পড়া দেশগুলিকে আরও পিছিয়ে দেওয়া, প্রধানত কৃষ্ণবর্ণের লোকেদের ওপর যাতে গৌরবর্ণের লোকেদের আধিপত্য বজায় থাকে।' (এ্যানালিসিস অফ লাইফ্ ইন সোসাইটি)। এই কারণেই বিশ্বব্যাঙ্ক এবং পশ্চিমী দেশগুলি ভারতকে এই শর্তে ঋণ দেয় যে, সে যেন নিজ জনসংখ্যা যতদূর সম্ভব কমের মধ্যে সীমিত রাখে। কারণ ভারতে জনসংখ্যা কম হলে এবং তাদের ঋণ অধিক হলে ভারতের ওপর ঐ দেশগুলি রাজত্ব করতে পারবে।

বর্তমানে ভোট প্রণালীর জনসংখ্যার সঙ্গে সোজাসুজি সম্পর্ক আছে। এই প্রণালী অনুসারে একশত মূর্খ নিরানব্বই জন বুদ্ধিমান ব্যক্তিকে পরাজিত করতে সক্ষম, কিন্তু প্রকৃতপক্ষে একশত মূর্খ মিলেও একজন বুদ্ধিমান ব্যক্তির সমান হতে পারে না। বিচার করে দেখতে হয় যে, সমাজে বিদ্বানের সংখ্যা বেশি, না মূর্খের ? ভালোলোকের সংখ্যা বেশি, না দুষ্টের ? বিশ্বাসীর সংখ্যা অধিক, না অবিশ্বাসীর ? সংখ্যায় যারা অধিক হবে তারাই ভোটে জিতবে এবং তারাই দেশ শাসন করবে। যে ধরনের লোকেরা সংখ্যাগরিষ্ঠ হবে, তারাই দেশ শাসন করবে।

পারিবারিক দৃষ্টিতে দেখলেও লক্ষ করা যায় যে, যে পরিবারে বেশি সন্তান থাকে, তারাই বেশি উন্নত হয়। প্রোফেসর কোলন ক্লার্ক লিখেছেন যে, অধিক সন্তানসম্পন্ন এবং অল্প সন্তানসম্পন্ন — উভয় প্রকারের পরিবারের ওপর অনুসন্ধান চালিয়ে দেখা গেছে যে, ছোট পরিবারের বাচ্চাদের থেকে বড় পরিবারের বাচ্চারা জীবনে বেশি সফলতা লাভ করে' (ডেইলি টাইম্স্, ১৫।৩।৫৯)।

মনোবিজ্ঞানীদের কথায়, যে বাচ্চাদের নিজ ছোট বা বড় ভাই-বোনেদের সঙ্গে খেলা-ধূলা, ওঠা-বসা, পরস্পরের আমোদ-আহ্লাদ করার সুযোগ হয়নি, তাদের ঠিকমতো মানসিক বিকাশ হয় না এবং তারা নানাপ্রকার নৈতিক গুণ থেকে বঞ্চিত হয়। যদি নিজের ভাই-বোনেদের মধ্যে বয়সের অনেক তফাত হয় (নিজ বয়সের কাছাকাছি ভাই-বোন না থাকলে) তাহলে মানসিক রোগ (নিউরোসিস) পর্যন্ত হতে পারে।

যৌবনকালেই স্ত্রী ও পুরুষ সন্তান উৎপাদনের যোগ্য হয়, যখন তাদের আর এই ক্ষমতা থাকে না, তখন তাদের বৃদ্ধ বলা হয়। তাৎপর্য হল এই যে সন্তান উৎপাদনের শক্তি না থাকলে মানুষের শারীরিক ও মানসিক শক্তিও শিথিল হয়ে যায়। নারীদেহ প্রধানত সন্তান উৎপাদনের জন্যই সৃষ্ট, যৌবনের প্রারম্ভেই তাদের মাসিক ধর্ম শুরু হয়, যা প্রতি মাসে তাকে গর্ভবতী করার যোগ্য তৈরি করে। গর্ভবতী হলে তার দেহের বেশিরভাগ শক্তি শিশুর পালন-পোষণে ব্যাপৃত হয়। তাই নারী যত ভালোভাবে শিশুর পালন-পোষণ করতে পারে, পুরুষ তত নয়। স্ত্রীর যদি মৃত্যু হয় তাহলে পুরুষ শিশুকে ঠাকুমা, দিদিমাদের কাছে পাঠিয়ে দেয়। কিন্তু স্বামীর মৃত্যু হলে স্ত্রী নিজে অনেক কষ্ট করে শিশুকে বড় করে লেখাপড়া শিখিয়ে মানুষ করে। কারণ নারী হল মাতৃশক্তি, তাঁদের মধ্যে পালন করার বিশেষ যোগ্যতা, স্লেহ ও কার্যক্ষমতা থাকে। তাই তাকে বলা হয়েছে— 'মাত্রা সমং নাস্তি শরীরপোষণম্' অর্থাৎ মাতার সমান পালনকর্ত্রী আর কেউ নেই। মাতা রূপে নারীকে পুরুষ অপেক্ষা বেশি অধিকার দেওয়া হয়েছে—'সহস্রং তু পিতৃন্মাতা গৌরবেণাতিরিচ্যতে' (মনুস্মৃতি ২।১৪৫) অর্থাৎ মাতার স্থান পিতার থেকে সহস্রগুণ অধিক বলে মানা হয়। বর্তমানে গর্ভ-পরীক্ষা করে কন্যা দেখলে, তা নষ্ট করা হয়। এ কি মাতৃশক্তির ঘোরতর অপমান নয় ? এই কি নারীকে সমান অধিকার প্রদান ? পরিবার-পরিকল্পনার দ্বারা নারীকে ভোগ্যা তৈরি করা হচ্ছে। ভোগ্যা স্ত্রী বেশ্যার সমান। এ কি নারীজাতির অপমান নয়?

নোবেল পুরস্কার প্রাপ্ত ডাঃ এ্যালোক্সিস্ কারেল লিখেছেন যে, 'সন্তান উৎপাদন-করা নারীজাতির কর্তব্য এবং এই কর্তব্যপালন করা নারীজাতির পূর্ণতার জন্য অনিবার্য' (ম্যান, দি আননোন)। এইরূপ যৌন মনোবিজ্ঞানী ডাঃ অসয়োল্ড সোয়ার্জ লিখেছেন যে, 'কাম-বাসনা সন্তান উৎপাদনের সঙ্গে সম্পর্কিত। স্ত্রীশরীর নির্মিত হয়েছে প্রধানত গর্ভধারণ ও সন্তানের জন্মদানের জন্মেই। তাই যদি তাকে সন্তান উৎপাদনে বাধা দেওয়া হয় তাহলে তার শরীর

এবং মনের ওপর প্রতিকূল প্রভাব পড়বে, যার ফলে তার ব্যক্তিত্বে হীনভাব, কক্ষতা এবং নীরসতা দেখা যাবে' (দি সাইকোলজি অফ সেক্স)। যে-পুরুষ স্ত্রী সঙ্গ করে অথচ সন্তান চায় না, সে মূর্খ চাষার মতো, যে হলকর্ষণ করে কিন্তু বীজ বপন করে না অথবা মূর্খ ব্যক্তির ন্যায়, যে জিভের আস্বাদনের জন্য খাদ্য চর্বণ করে এবং গলাধঃকরণ না করে বাইরে ফেলে দেয়!

ডাঃ মেরী শারলীব তাঁর চল্লিশ বছরের অভিজ্ঞতার কথায় লিখেছেন যে, 'সন্তান-জন্মরোধের উপায় কার্যকরী করলে তার অনিবার্য ফল হল স্ত্রীর প্রসন্নতা কমে যাওয়া, খিটখিটে হওয়া, অনিদ্রা, উদ্বিগ্নতা, হৃদয় এবং মাথার দুর্বলতা, রক্তপ্রবাহের অল্পতা, হাতে পায়ে অবশভাব, মাসিকের অনিয়মিতভাব ইত্যাদি দোষ উৎপন্ন হওয়া।' অন্য ডাক্তারগণও এই মত ব্যক্ত করেছেন যে, এর ফলে নারীদের স্মরণশক্তি ক্ষীণ হওয়া, পাগলভাব, স্বভাবে উত্তেজনা, মাসিক ধর্মে কন্ট ও সময়মতো না হওয়া, কোমরব্যথা, সৌন্দর্য নন্ট হওয়া ইত্যাদি দোষ দেখা দেয়। যদি এই নারী কখনও গর্ভবতী হয় তাহলে তাকে গর্ভাবস্থায় বা প্রসবকালে অত্যধিক কন্ট সইতে হয়। ডাঃ আর্নল্ড লরেণ্ড তাঁর বই 'লাইফ শর্টনিং হ্যাবিটস্ এণ্ড রিজুভিনেশন'-এ সন্তান-রোধের উপায়ের মধ্যে ক্ষতির কথা সবিস্তারে বর্ণনা করেছেন। সন্তান জন্ম-রোধের বিষয়ে ডাক্তারদের মত হল এই যে, 'এর কোনো উপায়টিই বিশ্বসনীয় বা হানিবর্জিত নয়।' ইংল্যান্ডের ডাঃ রেনিয়েল ডিউকস্ প্রভৃতির মত হল যে, 'সন্তান নিরোধক ট্যাবলেটের দ্বারা ক্যান্সারের মতো ভয়ংকর রোগ উৎপন্ন হতে পারে।'

তাৎপর্য হল এই যে, নিজের সুখভোগের জন্য করা সন্ততি-নিরোধ মূর্খতাবশত প্রারম্ভে অমৃতের ন্যায় প্রতীত হলেও, পরিণামে তা বিষের মতো বিনাশকারী হয়। গীতায় ভগবান বলেছেন—

> বিষয়েক্সিয়সংযোগাদ্ যৎ তদগ্রেহমৃতোপমম্। পরিণামে বিষমিব তৎ সুখং রাজসং স্মৃতম্।।

> > (20195)

'যে সুখ ইন্দ্রিয়াদি ও বিষয় সংযোগে প্রারম্ভে অমৃতের ন্যায় এবং

পরিণামে বিষের ন্যায় হয়, সেই সুখকে রাজসিক সুখ বলা হয়।'

## পরিবার-পরিকল্পনার কুফল ভোগকারী দেশগুলির প্রতিক্রিয়া

পরিবার-পরিকল্পনার কুফল ভোগার পর অনেক দেশ সন্তান-নিয়ন্ত্রণের ওপর প্রতিবন্ধকতা করছে এবং জনসংখ্যা বৃদ্ধির উপায় জারী করছে। জার্মান সরকার সন্তান জন্ম-রোধের উপায়ের প্রচার এবং প্রসারে নিষেধাজ্ঞা জারি করে দিয়েছে এবং বিবাহে উৎসাহিত করার জন্য বিবাহ-ঋণ দেওয়া শুরু করেছে। ১৯৩৫ সালে একটি আইন করা হয়েছে, সেই অনুসারে একটি সন্তান হলে ইনকাম ট্যাক্সে ১৫% ছাড়, দুটি বাচ্চা হলে ৩৫% ছাড়, তিনটি বাচ্চা হলে ৫৫% ছাড়, চারটি বাচ্চা হলে ৭৫% ছাড়, পাঁচটি বাচ্চা হলে ৯৫% ছাড় এবং ছটি বাচ্চা হলে ইনকামট্যাক্স পুরোপুরি রদ করে দেওয়ার কথা বলা হয়েছে। এর ফলে সেখানে জনসংখ্যা পর্যাপ্তভাবে বৃদ্ধি পেয়েছে।

ফ্রান্স সরকারও সন্তান-নিয়ন্ত্রণের প্রচার এবং প্রসারের ওপর কঠোর প্রতিবন্ধকতা করছে এবং জনসংখ্যা বৃদ্ধির জন্যে নানা উপায় উদ্ভাবন করছে। অধিক সন্তান উৎপাদনকারীদের ট্যাক্স কমানো হয়েছে, তাদের বেতন ও পেনশন বাড়ানো হয়েছে এবং তাদের নানাপ্রকার আর্থিক সাহায্য করা হচ্ছে এবং পুরস্কারও দেওয়া হচ্ছে।

ইংল্যান্ডের প্রথম বিশ্বযুদ্ধের সময় জনসংখ্যা কম দেখে স্বাস্থ্য মন্ত্রণালয়ের মুখ্য চিকিৎসাধিকারী স্যার জর্জ ন্যুমেন সতর্কতা জারী করেছিলেন যে, জনসংখ্যার এই ঘাটতি যদি বন্ধ করা না হয় তাহলে ব্রিটেন বিশ্বের চতুর্থ শক্তিতে নেমে আসবে। এই অভাব দূর করার জন্যে 'লীগ অফ ন্যাশানাল লাইফ' নামক সমিতি গঠন করা হয়েছিল। সেখানকার সদস্যরা বিচার বিবেচনা করেছিলেন যে যদি ইংল্যান্ড তার অন্তিত্ব বজায় রাখতে চায় তাহলে তার জনসংখ্যা হ্রাসের ওপর সত্বর বাধা সৃষ্টি করতে হবে। সেইজন্য ১৯৪৪ সালে 'রয়েল কমিশন' স্থাপন করা হয়, যার উদ্দেশ্য ছিল জনসংখ্যার ঘাটতি দূর করার নানা উপায়ের অনুসন্ধান করা। ১৯৪৯ সালে সেটি তার রিপোর্টে জনসংখ্যা বৃদ্ধির অনেক উপায় চালু করার পরামর্শ দিয়েছিল। যেমন—অধিক

সন্তান যাদের আছে তাদের আর্থিক সাহায্য দেওয়া হবে, তাদের ট্যাক্স কম দিতে হবে, এজন্য বাড়ি তৈরি করে ইচ্ছুক ব্যক্তিদের দেওয়া হবে বা নির্মাণে সহায়তা করা হবে, যাতে শোবার জন্য তিনের বেশি ঘর থাকবে, ইত্যাদি। সেই অনুযায়ী ইংল্যান্ডে নানা আইন তৈরি করা হয়। তখন লোকেরা বেশি সন্তান উৎপাদনে আগ্রহী হল—তার জন্য সেখানে বিভিন্ন প্রকারের আর্থিক সাহায্য, যেমন লেখাপড়া, বাড়িঘর ইত্যাদির সুবিধা দিতে শুরু করে। ফলে সেখানে তীব্রগতিতে জনসংখ্যার বৃদ্ধি হয়।

উপরিউক্ত দেশ ছাড়া সুইডেন, ইটালী ইত্যাদি দেশগুলিও সন্তান জন্ম-রোধের ওপর প্রতিবন্ধকতা করে। ইটালীতে তো এমন আইনও তৈরি হয়েছে যে সন্তান-জন্ম-রোধের প্রচার এবং প্রসারকারীদের এক বছরের জেল বা জরিমানাও করা হতে পারে। আশ্চর্যের কথা হল এই যে, যে কুফল পশ্চিমী দেশগুলি ভোগ করেছে, তা দেখেও ভারত সরকার এই কার্যক্রমে উৎসাহ দিয়ে চলেছে—'বিনাশকালে বিপরীতবৃদ্ধিঃ'!<sup>(১)</sup>

an Onn

<sup>(</sup>১) এই বিষয়ে আরও তথ্য জানার জন্য গীতাপ্রেস থেকে প্রকাশিত 'মহাপাপ থেকে বাঁচুন' নামক বই পড়া উচিত।

## ৩. ভয়ানক পাপ থেকে বাঁচো

অশুদ্ধ প্রকৃতির সংসারী মানুষেরা জগতেই সুখ মনে করে। জাগতিক সুখের চেয়েও অন্য কোনো এক অনুপম পারমার্থিক সুখ আছে একথা তারা মোর্টেই জানে না। এরূপ আসুরী স্বভাবসম্পন্ন মানুষই জাগতিক ভোগের জন্যে বলে থাকে যা কিছু আসে, ব্যাস, এই-ই সব— 'কামোপভোগপরমা এতাবদিতি নিশ্চিতাঃ' (গীতা ১৬।১১), 'নান্যদন্তীতি বাদিনঃ' (গীতা, ২।৪২)। অপরপক্ষে শুদ্ধ প্রকৃতিসম্পন্ন পারমার্থিক সাধকেরা পরমাত্মাতেই সুখ অনুভব করে এবং এর থেকেও বেশি আর কোনো সুখ আছে—তা তাঁরা মনেই করেন না— 'যং লক্ক্বা চাপরং লাভং মন্যতে নাধিকং ততঃ' (গীতা ৬।২২)।

সংসারী মানুষ এবং সাধক— দুইয়ের পার্থক্য এই যে সংসারী মানুষ পারমার্থিক সুখের কথা জানেই না, আর সাধক পারমার্থিক সুখের সঙ্গে সঙ্গে সাংসারিক সুখের কথাও জানেন। যেমন বালক শুধু বালক ভাবকেই দেখে, যৌবন বা বৃদ্ধাবস্থার কথা সে অনুভব করতে পারে না। বালকের থেকে যুবক বেশি জানে, কারণ সে বালকত্ব এবং যৌবন—দুই-ই জানে। তাই বালক যদি তাকে ঠকাতে চায়, যুবক তাতে ঠকে না। যুবকের থেকে বৃদ্ধ আরও বেশি জানে; কারণ তিনি বালকভাব, যুবকভাব এবং বৃদ্ধভাব এই তিনটিই অনুভব করেছেন। মানুষ যে-বিষয়ে জানে না, তাকে সেই বিষয়ে বালক বলা হয় বালকভাব এবং অল্পবৃদ্ধিকেই শিক্ষা প্রদান করা হয়। সেইভাবে দেখলে সংসারে আসক্তিসম্পন্ন ব্যক্তিরা হল বালক। এদের থেকে সাধক বেশি জানেন, সাধকের থেকে বেশি জানেন সিদ্ধ, তত্ত্বপ্ত

<sup>&</sup>lt;sup>(১)</sup>সাংখ্যযোগৌ পৃথগ্বালাঃ প্রবদন্তি ন পণ্ডিতাঃ (গীতা ৫ ।৪)

<sup>&#</sup>x27;বালক অর্থাৎ অবুঝ ব্যক্তিরা সাংখ্যযোগ ও কর্মযোগকে পৃথক পৃথক ফলপ্রদানকারী বলে থাকে, পণ্ডিতেরা তা বলেন না।'

মহাত্মা। তত্ত্বজ্ঞ মহাত্মাই প্রকৃতপক্ষে পূর্ণভাবে জ্ঞানী হন<sup>(১)</sup>, কারণ প্রথমে তিনি সাধারণ মানুষদের মধ্যে থেকেছেন, পরে বহু গ্রন্থ অধ্যয়ন করেছেন, সংসঙ্গ করেছেন, সাধনা করেছেন, তারপর তত্ত্ব লাভ করেছেন। এইভাবে গোড়া থেকে শেষ পর্যন্ত সবই তিনি সম্পূর্ণভাবে জানেন, তিনি জগৎকেও 'সম্পূর্ণভাবে জানেন এবং পরমাত্মতত্ত্বকেও জানেন<sup>(২)</sup>।

সংসারী মানুষ সাংসারিক বিষয়ই সম্পূর্ণভাবে জানে না, পারমার্থিক বিষয় তো দূরের কথা ! কারণ সাংসারিক জ্ঞান সংসার থেকে পৃথক (আসক্তিশূন্য) হলে তবে হয়, আর পরমাত্মার জ্ঞান পরমাত্মার সঙ্গে অভিন্ন হলে, তবেই হয়। অশুদ্ধ প্রকৃতির জ্ঞান অশুদ্ধ প্রকৃতি থেকে পৃথক হলে তবেই হয়। অশুদ্ধ প্রকৃতি থেকে আলাদা না হলে মানুষ শুদ্ধ প্রকৃতিকে মর্যাদা দিতে পারে না। আর একটি বড় পার্থক্য হল এই যে সংসারী (অশুদ্ধ প্রকৃতিসম্পন্ন) মানুষ পারমার্থিক (শুদ্ধ প্রকৃতিসম্পন্ন) সাধকদের সঙ্গে শক্রতা করে থাকে (ত);

'হে ভরতবংশীয় অর্জুন! এইভাবে মোহবর্জিত যে ব্যক্তি আমাকে পুরুষোত্তম বলে জানে, সেই সর্বজ্ঞ ব্যক্তি সর্বপ্রকারে আমারই ভজনা করে থাকে।'

<sup>(২)</sup>যা নিশা সর্বভূতানাং তস্যাং জাগর্তি সংযমী। যস্যাং জাগ্রতি ভূতানি সা নিশা পশ্যতো মুনেঃ॥ (গীতা ২।৬৯)

'সমস্ত মানুষের যখন রাত্রি (পরমাত্মা), তাতে সংযমী মানুষ জেগে থাকেন, আর যাতে সাধারণ মানুষ জেগে থাকেন (ভোগে ব্যাপৃত হন), তা তত্ত্বপ্ত মানুষের দৃষ্টিতে রাত্রিস্বরূপ।'

(৩)মৃগমীনসজ্জনানাং তৃণজলসন্তোষবিহিতবৃত্তীনাম্। লুব্ধকধীবরপিশুনা নিষ্কারণবৈরিনৌ জগতি।। (নারদপুরাণ, পূর্ব, ৩৭।৩৮; ভতৃহরিনীতি, ৬১)

'হরিণ, মাছ ও সজ্জন মানুষ ক্রমশ তৃণ, জল ও সন্তোষে নিজ জীবননির্বাহ করে (কাউকে দুঃখ দেয় না); কিন্তু ব্যাধ, ধীবর এবং দুষ্ট লোক অকারণে এদের সঙ্গে শত্রুতা করে থাকে।'

<sup>&</sup>lt;sup>(১)</sup>ভগবান তত্ত্বজ্ঞ মহাত্মাদের 'সর্ববিং' (সর্বজ্ঞ) বলেছেন ঃ যো মামেবমসম্মূঢ়ো জানাতি পুরুষোত্তমম্। স সর্ববিত্তজতি মাং সর্বভাবেন ভারত॥ (গীতা ১৫।১৯)

কিন্তু পারমার্থিক সাধকদের সংসারী লোকদের সঙ্গে শত্রুতা নেই <sup>(১)</sup>।

গর্ভপাত, জন্মনিরোধ ইত্যাদির দ্বারা কৃত্রিমভাবে সন্তাননিরোধ করা অশুদ্ধ (কুবুদ্ধি) প্রকৃতিসম্পন্ন মানুষের কাজ। অশুদ্ধ প্রকৃতি বেড়ে গেলে তা দূর করা কঠিন হয়। যেমন দীর্ঘ সময় ধরে কোনো নেশা করলে তা পরিত্যাগ করা অত্যন্ত কঠিন হয়, তেমনই কৃত্রিম উপায়ে সন্তান নিরোধের অভ্যাস বা রীতি-রেওয়াজ হয়ে গেলে তা দূর করা অত্যন্ত কঠিন হয়ে পড়ে<sup>(২)</sup>। এই প্রচলনে মানবজাতির বিনাশ হবে, মনুষ্যত্বের তো বিনাশ হবেই। কারণ বুদ্ধি যদি একবার বিনাশের দিকে যায়, তবে তা সেদিকেই চলতে থাকে, সেদিকেই তার বিকাশ হতে থাকে, বিনাশের নতুন নতুন উপায় আবিষ্কৃত হতে থাকে। এর ফলে ভয়ংকর অনর্থ ঘটে।

এখন দেশে ভোগেচ্ছার তাণ্ডব নৃত্য হচ্ছে। সন্তান-জন্ম রোধের পেছনেও ভোগেচ্ছা ছাড়া অন্য কোনো কারণ নেই। ভোগী ব্যক্তি বেড়ে যাওয়ায় উদ্যমী ব্যক্তির সংখ্যা কমে যাচ্ছে। উদ্যমী ব্যক্তির অভাব হলে উৎপাদন কম ওখরচ বেশি হয়; কারণ ভোগীদেরই সাংসারিক প্রয়োজনীয়তা বেশি থাকে, ত্যাগীদের নয়।খরচ বেশি হওয়ার ফলে দেশ ঋণী হয়ে যাচ্ছে।

প্রকৃতপক্ষে ভারতের জন্য পরিবার-পরিকল্পনার কোনো প্রয়োজনই নেই। কারণ ভারতের প্রাকৃতিক সম্পদ অপার। ভারতভূমি সূর্যের কিরণস্নাত।

<sup>&</sup>lt;sup>(১)</sup>উমা জে রামচরণ রত বিগত কাম মদ ক্রোধ। নিজ প্রভূময় দেখহিঁ জগৎ কেহি সন করহিঁ বিরোধ।। (শ্রীশ্রীরামচরিতমানস, উত্তরকাণ্ড, ১১২ খ)

<sup>&</sup>lt;sup>(২)</sup>উদাহরণস্বরূপ তামিলনাড়ুর উসলিয়াম পট্টী এবং তার আশপাশের গাঁয়ে নবজাত কন্যার হত্যা করার রীতি এমন বেড়ে গিয়েছে যে তা বন্ধ করতে 'ভারতীয় বালকল্যাণ পরিষদ্' এবং সেখানকার সরকারের সমস্ত প্রয়াস বিফল হচ্ছে। সেখানে ১৯৯৩-৯৪ সালের মধ্যে ৪১০টি শিশুকন্যাকে হত্যা করা হয়েছে। এই ব্যাপার নানা সংবাদপত্র-পত্রিকাতে প্রকাশিত হয়েছে।

ভারতে ছয়িট ঋতু এবং নানা প্রকার জলবায়। এরূপ আর অন্য কোনো দেশে নেই। ভারতে যত প্রকার ঔষধি, লতা-গুলা, বৃক্ষা, খনিজ পদার্থ, অন্ন-ফল-সবিজি ইত্যাদি উৎপন্ন হয়, তত আর কোনো দেশে হয় না। যত প্রকার বিদ্যা, কলাকৌশল, ইত্যাদি ভারতে পাওয়া যায় তা অন্য কোনো দেশে নয়। এক একটি বিষয়ের ওপর যত গ্রন্থ এই দেশে পাওয়া যায়, অন্য কোনো দেশে তা পাওয়া যায় না। আবিষ্কারের জন্যে ভারতের কাছে নানা সামগ্রী আছে। ভারতে যেমন যোদ্ধা, সতী, যোগী, ত্যাগী, সাধু, সিদ্ধা-পুরুষ, ঋষি-মুনি, তপস্বী, শাসক, সংযমী ব্যক্তি জন্মেছেন, তেমন অন্য কোনো দেশে হয়নি। সরকার যদি এখানকার বৈজ্ঞানিকদের উৎসাহ দেয় যাতে তাঁরা বিদেশে না গিয়ে এখানেই কাজ করেন তাহলে ভারতে বহু বিশেষ আবিষ্কার হতে পারে, যাতে এই দেশ সমগ্র বিশ্বকে শিক্ষা প্রদানকারী হতে পারে।

জনসংখ্যা যদি বেশি হয়, তাহলে উৎপাদনও বেশি হবে, যাতে অন্যান্য দেশও লাভবান হবে। প্রত্যক্ষ ব্যাপার হল, যখন জনসংখ্যা কম ছিল তখন খাদ্যশস্য বিদেশ থেকে আমদানি করতে হত। কিন্তু এখন জনসংখ্যার বৃদ্ধি হওয়ায় খাদ্য ও অন্যান্য বস্তুও বাইরের দেশ রপ্তানি হচ্ছে। সরকারের কাছে এখবর গোপন নেই, কিন্তু এদিকে লক্ষ নেই। আবশ্যকতাই হল আবিষ্কারের জননী। জনসংখ্যা বাড়লে জীবননির্বাহের উপায়ও বাড়তে থাকে, খাদ্য-উৎপাদনও বাড়ে, বস্তুর উৎপাদনও বেড়ে যায়, উদ্যোগও বাড়ে। কিন্তু আজকাল সবেতেই বিপরীত বৃদ্ধি। লক্ষ্য উৎপাদন বৃদ্ধি করার, অথচ উৎপাদনকারীদের জন্মনিয়ত্ত্রণ করে চলেছে। সরকারের কর্তব্য হল নিজের দেশে জন্মগ্রহণকারী প্রত্যেক নাগরিকের জীবন-নির্বাহের ব্যবস্থা করা, তাদের জন্মের ওপর বাধাপ্রদান করা নয়। একটি লোকের চাম করার জন্য প্রায় আটশো বিঘে জমি রয়েছে। তার দুটি ছেলে একজন মুস্বইতে চাকরীরত, অন্যজন বাবা–মার কাছে থেকে তাদের সেবায় নিযুক্ত। তাদের চামাবাদ দেখার কেউ নেই। জনসংখ্যা হ্রাস করলে এরূপ পরিণাম অবশ্যম্ভাবী।

জনসংখ্যা-নিয়ন্ত্রণ করা প্রকৃতির কাজ, মানুষের নয়। প্রকৃতির দারা যে কাজ হয়, তাতে সকলেরই মঙ্গল হয়, কারণ তা ঈশ্বরের বিধানে চালিত হয়<sup>(১)</sup>। অপরপক্ষে মানুষ ভোগবুদ্ধির দারা যে কাজ করে, তাতে সকলেরই মহাক্ষতি হয়। মানুষ প্রকৃতির কার্যে হস্তক্ষেপ করলে তার ফল অত্যন্ত ভয়ংকর হবে।

হাজার-হাজার-কোটি বছর ধরে এই সৃষ্টি চলে আসছে। প্রকৃতি সর্বদা জনসংখ্যাকে নিয়ন্ত্রণে রাখে। জনসংখ্যা যখনই খুব বেড়ে যায়, তখনই ভূমিকম্প, উল্কাপাত, বন্যা, আকাল, যুদ্ধ, মহামারী ইত্যাদিতে তা কমে যায়। কিন্তু আজ পর্যন্ত ইতিহাসে কখনো এমন শোনা যায়নি যে লোকে ব্যাপক হারে গর্ভপাত, জন্মরোধ ইত্যাদি কৃত্রিম উপায়ে জনসংখ্যা কম করার চেষ্টা করেছেন। কুকুর, বেড়াল, শৃকর ইত্যাদি পশুরা এক এক বার বেশ কয়েকটি বাচ্চার জন্ম দেয়, তারা কোনো পরিবার নিয়ন্ত্রণও করে না, তা সত্ত্বেও রাস্তা-ঘাটে এইসব পশুর পাল দেখা যায় না অর্থাৎ এদের দারা গ্রাম-শহর ভরে গেছে, তা নয়। এরা কী করে নিয়ন্ত্রিত থাকে ? আসলে মানুষের ওপর জনসংখ্যা নিয়ন্ত্রণের ভার বা দায়িত্ব নেই-ই। একটি মানুষ জন্মাতে নয় দশ মাস সময় লাগে, কিন্তু মৃত্যু এক পলকে হয়। প্রাকৃতিক প্রকোপে হাজার হাজার মানুষ এক সঙ্গে মারা যায়। মানুষ কৃত্রিম উপায়ে সন্তান-জন্ম-রোধ করলে এই অবস্থায় মানুষের জন্ম তো রোধ করা যাবে, কিন্তু মৃত্যু রোধ করবে কীভাবে ? মৃত্যু তো বরাবরের মতো সবসময় নিজের কাজ করে যাবে। তাহলে এর ফল কী হবে ? কোনো এক গ্রামের এক সত্য ঘটনা। এক ব্যক্তির দুটি পুত্র ছিল। তিনি জন্মরোধের জন্য অপারেশন করিয়ে নেন। পরে একটি পুত্র মারা যায়।

<sup>&</sup>lt;sup>(১)</sup> ময়াধ্যক্ষেণ প্রকৃতিঃ সূয়তে সচরাচরম্। হেতুনানেন কৌন্তেয় জগদ্বিপরিবর্ততে।। (গীতা ৯।১০)

<sup>&#</sup>x27;প্রকৃতি আমার অধ্যক্ষতায় সমস্ত জগৎ চরাচর সৃষ্টি করে। হে কৌন্তেয় ! সেইজন্যই জগৎ বিবিধ প্রকারে পরিবর্তিত হয়।'

কিছুকাল পরে অপর পুত্রটিও মারা যায়। এখন বৃদ্ধ বাবা-মায়ের সেবা করার আর কেউ নেই! আমি একবার দক্ষিণে গিয়েছিলাম। সেখানে একটি দম্পতি আমাকে এসে বলে যে, তাদের দুটি পুত্র ছিল, তারপর তারা অপারেশন করিয়ে নেয়। একটি ছেলেকে পাগল কুকুর কামড়ানোর ফলে তার মৃত্যু হয়। এখন একটিই পুত্র আছে। 'আপনি আশীর্বাদ করুন সে যেন বেঁচে থাকে।' আমি উত্তর দিলাম, আপনার ঘরে সন্তান উৎপাদনের খনি ছিল, তা আপনি বন্ধ করে দিয়েছেন। আর এখন আমার আশীর্বাদ চাইছেন! আমি নিজেকে আশীর্বাদ-দানের যোগ্য বলে মনে করি না।

কিছু লোকে বলে যে জনসংখ্যা বৃদ্ধি পাওয়াতেই পাপ অত্যন্ত বেড়ে গেছে। তা একেবারে ভুল। জনসংখ্যা বৃদ্ধি পাওয়াতে পাপ বাড়ে না, বরং মানুষের মধ্যে ধার্মিক ভাব এবং আস্তিক্য বোধ না থাকলে এবং ভোগেচ্ছায় পাপ বৃদ্ধি পায়, সরকার যার জন্য দায়ী। লোককে এমন শিক্ষাই দেওয়া হয়, যাতে তাদের ধর্ম এবং ঈশ্বর থেকে বিশ্বাস চলে যায় ও ভোগেচ্ছা বাড়ে। এইজন্যই বিভিন্ন ধরনের পাপকার্য বেড়ে যায়। এইরূপ বেকারি, গরিবি ইত্যাদির কারণও জনসংখ্যা বৃদ্ধি নয়, তার কারণ হল মানুষের অকর্মণ্যতা, প্রমাদ, আলস্য, ভোগলালসা বেড়ে যাওয়া। মানুষের মধ্যে ভোগলালসা অত্যন্ত বেড়ে গেছে। ভোগী ব্যক্তিই পাপী, অকর্মণ্য, প্রমাদী ও আলস্যপরায়ণ হয়ে থাকে। সাধনকারী সাত্ত্বিক ব্যক্তিদের খালি সময় থাকেই না।

কোনো দেশকে ধবংস করার দুটি উপায় রয়েছে—জন্ম হতে না দেওয়া এবং হত্যা করা। এখন মানুষের জন্ম-রোধ করা হচ্ছে এবং পশুদের হত্যা করা হচ্ছে। মনুষ্য-বিনাশের নাম রাখা হয়েছে— পরিবার-পরিকল্পনা আর পশুর হত্যার নাম রাখা হয়েছে— মাংস-উৎপাদন! বিনাশকাল উপস্থিত হলে, মানুষের এইরাপ বিপরীত রাক্ষসী বুদ্ধিই হয়। মন্দোদরী রাবণকে বলেছিলেন—

নিকট কাল জেহি আওয়ত সার্ঈ। তেহি ভ্রম হোই তুম্হারিহি নার্ঈ॥ (শ্রীশ্রীরামচরিতমানস, লঙ্কাকাণ্ড ৩৭।৪) আজকালকার মানুষ রাক্ষসের চেয়েও অধম হয়ে যাচ্ছে। রাক্ষসেরা তবুও দেবতাদের পূজা করত, তপস্যা করত, মন্ত্র-জপ করত এবং তাঁদের থেকে শক্তি লাভ করত। কিন্তু এখনকার মানুষদের বৃত্তি রাক্ষসদের (অপরকে নাশ করার) মতো হলেও দেব-আরাধনা, তপস্যা, মন্ত্র-জপ ইত্যাদি মানে না, বরং সেগুলি ফালতু কাজ বলে মনে করে!

যে মায়ের সম্বন্ধে বলা হয়— 'মাত্রা সমং নাস্তি শরীরপোষণম্' অর্থাৎ 'মায়ের মতো পালন-পোষণকারী আর কেউ নেই', পরিবার পরিকল্পনার কার্যক্রমের প্রচারে সেই মায়েরও এত পতন হয়েছে যে, তিনি তাঁর গর্ভস্থিত সন্তানকেও হত্যা করে থাকেন! একটি শাশুড়ি ও বউয়ের কথা আমি জানি। বউ, দুটি সন্তানের পর গর্ভপাত করাতে চেয়েছিল, কিন্তু শাশুড়ি বাধা দেওয়ায় তা করতে পারেনি। পরে তার একটি ছেলে জন্মায়। তার পরে চতুর্থবার গর্ভবতী হলে সে শাশুড়িকে না বলে পিত্রালয়ে যায় এবং সেখানে গর্ভপাত করিয়ে অপারেশন করিয়ে নেয়। তৃতীয় ছেলেটি বড় হলে তাকে ইংরেজি স্কুলে ভর্তি করে দেয়।শাশুড়ি বারণ করেছিলেন যে, 'আমরা সাধারণ লোক, ইংরেজি স্কুলে অনেক খরচ আর ওখানে বাচ্চাদের রীতিনীতিও ভালো হয় না'। তাতে বউ রেগে গিয়ে শাশুড়িকে বলে; 'এই ঝামেলা আপনার জন্যই তৈরি হয়েছে। আপনিই তো গর্ভপাত করাতে দেননি'। আজকাল মায়েদের এই দুর্দশা হয়েছে যে নিজ সন্তানও সহ্য হয় না। শাশুড়ি ভীষণ পাপ থেকে রক্ষা করলেন, আর বউ তাঁকে গঞ্জনা দেয়। অন্তরে পাপের প্রতি কী শ্রদ্ধা!

মানুষের নিজের সীমা এবং মর্যাদার মধ্যে থাকা উচিত। যদি জনসংখ্যানিয়ন্ত্রণের কাজ মানুষ নিজের হতে নেয় তাহলে প্রকৃতি কুপিত হয়। যার ফল হয়
অতি ভয়ংকর! মানুষের শুধু নিজ কর্তব্য পালনের, অন্যের সেবা করার,
ভগবানকে স্মরণ করার, ভোগাদি ত্যাগ করার ও সংযম করার দায়িত্ব থাকে।
ভোগাদি ত্যাগ ও সংযম মানুষই করতে সক্ষম। সন্তান না চাইলে, সংযম রাখা
উচিত। হাল চালাবে অথচ বীজ বপন করবে না—এ কোনো বুদ্ধিমানের কাজ

নয়। পশুও স্বতঃই মর্যাদায় ও সংযমে থাকে; যেমন—গাধা শ্রাবণ মাসে, কুকুর কার্তিক মাসে, বেড়াল মাঘ মাসেই ব্রহ্মচর্য ভঙ্গ করে, বাকী সময়ে তারা সংযত থাকে। মানুষ যদি ইচ্ছা করে তাহলে তারা সর্বদা সংযত থাকতে পারে। সৎসঙ্গী একজন বোনের দুটি সন্তান আছে। আমি তাকে জিজ্ঞাসা করেছিলাম যে, 'তুমি কৃত্রিম-উপায়ে সন্তান নিরোধ করোনি তো ?' সে বলল, 'আপনি যখন নিষেধ করেছেন, তখন আমি কি একাজ করতে পারি ? আপনি সংযমের কথা বলেন, তাই আমরা সংযমে থাকি।' এইরূপ না জানি আরও কত নারী-পুরুষ সংযমে থাকেন! সংযম রাখলে শারীরিক, পারমার্থিক সর্বপ্রকারে উন্নতি হয়। অসংযম থেকে অধিকাংশ রোগের উৎপত্তি হয়। সংযম করলে স্বাস্থ্য ঠিক থাকে এবং আয়ু বেড়ে যায়।

আমাদের দেশে সংযমই সর্বদা প্রাধান্য পেয়েছে। ব্রহ্মচর্য, গার্হস্তা, বানপ্রস্থ এবং সন্ন্যাস—এই চারটি আশ্রমের মধ্যে গার্হস্তা আশ্রমেই কেবলমাত্র সন্তান উৎপন্ন করার বিধান আছে। কিন্তু সংযমের প্রাধান্য চারটি আশ্রমেই বিদ্যমান। কিন্তু আজকাল সরকার এই আশ্রম ব্যবস্থা মানে না, সাধুদের অপমান করে, সৎসঙ্গ, সদাচার সংযমের প্রসারে অপরাগ এবং কৃত্রিমভাবে সন্তান-জন্ম-রোধের উপায়ের সাহায্যে লোকেদের ভোগী, অসংযমী হওয়ার প্ররোচনা দিয়ে থাকে।

শাসক পিতার ন্যায় আর পুত্র হল প্রজার ন্যায়। সরকারের কাজ হল নিজের দেশের নাগরিকদের পাপ থেকে রক্ষা করে কর্তব্যপালনে, ধর্মপালনে ব্যাপৃত করা। কিন্তু এখন সরকার উল্টে লোকেদের পাপ কাজে ব্যাপৃত করছে, বিভিন্ন প্রচার ও প্রসারের দ্বারা তাদের গর্ভপাত, মাংসাশী, ডিম-ভক্ষণ ইত্যাদি পাপের প্ররোচনা দিচ্ছে! তাদের ভয় এবং প্রলোভন দেখিয়ে গর্ভপাত, অপারেশন ইত্যাদি পাপ করতে বাধ্য করছে। গর্ভপাত, অপারেশনের এতগুলি কেস আনলে পুরস্কার দেওয়া হবে, তা না হলে চাকরি থেকে বহিস্কার করা হবে, মাইনে কাটা হবে অর্থাৎ পাপ করলে পুরস্কার পাবে, না

করলে শাস্তি হবে—সরকারের এ কী অন্যায় নীতি! শুধু তাই নয়, সরকার এই পাপেও সন্তুষ্ট না হয়ে গর্ভপাত ও জন্ম-রোধের আরও নতুন নতুন উপায় উদ্ভাবন করছে, পশুহত্যা করার জন্যে নতুন নতুন কসাইখানা খুলছে। রামায়ণে আছে—

### ঈস ভজনু সারথী সুজানা । বিরতি চর্ম সন্তোষ কৃপানা।।

(শ্রীশ্রীরামচরিতমানস, লক্ষাকাণ্ড ৮০।৪)

কৃপাণের তিন দিকে ধার হয়—বাঁদিকে, ডানদিকে এবং সামনে। তাই কৃপাণ তিন দিক দিয়ে শত্রুদের নাশ করে। সন্তোষকে কৃপাণ বলার অর্থ হল যে এটি কাম, ক্রোধ এবং লোভ—এই তিন শত্রুকেই নাশ করে দেয় (১)। সরকার সন্তোষ না করে কাম, ক্রোধ, লোভ—তিনটি শত্রুরই বৃদ্ধি সাধন করছে, তবে দেশে সুখ শান্তি কীভাবে হবে ?

RRORR

<sup>(</sup>১) বিনু সন্তোসু ন কাম নসাহীঁ। কাম অছত সুখ সপনেহুঁ নাহী।।

(শ্রীশ্রীরামচরিতমানস, উত্তরকাণ্ড ৯০।১)
নহি সন্তোষু ত পুনি কছু কহহূ। জনি রিস রোকি দুসহ দুখ সহহূ।।

(শ্রীশ্রীরামচরিতমানস, বালকাণ্ড ২৭৪।৪)
উদিত অগন্তি পত্ন জল সোষা। জিমি লোভহি সোষই সন্তোষা।।

(শ্রীশ্রীরামচরিতমানস, কিত্বিক্ষ্যাকাণ্ড ১৬।২)

# ৪. গৰ্ভপাত কেন মহাপাপ ?

যত পাপ করা হয়, সেগুলি কারো মানা বা না মানার ওপর নির্ভর করে না। পাপের ব্যাপারে অর্থাৎ অমুক কাজ পাপ—এতে বেদ, পুরাণ, স্মৃতি, শাস্ত্র এবং অনুভবকারী তত্ত্বজ্ঞ মহাপুরুষদের বচনই প্রমাণস্বরূপ। গর্ভ নষ্ট করা, গর্ভপাত বা ভ্রুণহত্যা হিন্দুধর্মের, ভারতীয় সংস্কৃতির সর্বতোভাবে বিরুদ্ধ কাজ। জগতের কোনো শ্রেষ্ঠ ধর্মই এই পাপকে সমর্থন করে না এবং করতেও পারে না। কারণ এই কাজ মনুষ্যত্বের বিরুদ্ধ। ক্রুর ও হিংস্র পশুও এই কাজ করে না।

পৃথিবীতে মানুষই সর্বশ্রেষ্ঠ জাতি। জগতে যত প্রাণী আছে, তাদের সকলের রক্ষা, সেবা, পালন-পোষণ করার অধিকার, যোগ্যতা, সামর্থ, সামগ্রী এবং দয়াভাব মানুষের মধ্যেই থাকে। সেই মানুষকে হত্যা করা সবচেয়ে বড় পাপ। মানুষের মধ্যেও শিশুহত্যা করা সবচেয়ে বড় পাপ; কারণ শিশু নিরপরাধ, নির্বল এবং নিষ্পাপ হয়। আর যে-শিশু এখনও জন্মায়নি, গর্ভেই আছে, তাকে হত্যা করা কী ভয়ানক পাপ!

জীব গর্ভাবস্থায় নির্বল ও অসহায় অবস্থায় থাকে। সে নিজেকে বাঁচাবার কোনো চেষ্টাও করতে পারে না বা কোনো প্রতিকারও করতে পারে না। সে মৃত্যুর হাত থেকে রক্ষা পাবার জন্য ডাকতে পারে না, কাঁদতে পারে না, চেঁচাতেও পারে না। তার কোনও অপরাধ নেই। সে সর্বতোভাবে নির্দোষ। এই অবস্থায় সেই নিরপরাধ, নির্দোষ শিশুকে হত্যা করা কত বড় মহাপাপ!

শক্রতার জন্যে যে যুদ্ধ-বিগ্রহ হয় তাতে শক্রবধেরই উদ্দেশ্য থাকে, তবুও সেক্ষেত্রে নিরস্ত্র সৈনিকের ওপর অস্ত্রাঘাত করা হয় না। প্রথমে শক্রকে সাবধান করে যুদ্ধের জন্য আহ্বান করে, তবেই অস্ত্র ছোঁড়া হয়। কিন্তু গর্ভস্থ শিশু তো একেবারেই অসহায়। সে তো জানেই না যে কেউ তাকে হত্যা করতে উদ্যত! এই অবস্থায় সেই মৃক প্রাণীকে ভয়ংকরভাবে হত্যা করা কী মহাপাপ, কী ভয়ংকর অন্যায়?

একটি প্রবাদ আছে যে, বিষবৃক্ষ নিজে লাগালেও তাকে কাটা যায় না—'বিষবৃক্ষাহিপি সংবর্ধ্য স্বয়ং ছেতুমসাম্প্রতম্'। নারী-পুরুষ মিলিতভাবে যে-গর্ভ সৃষ্টি করে তাকে নিজেরাই হত্যা করা কী মহাপাপ! অন্যায় (অসংযম) নিজেরাই করে কিন্তু হত্যা করে গর্ভের নিম্পাপ সন্তানকে, এ কত বড় অন্যায়! যে মাতা-পিতার তাদের সন্তানদের স্নেহপূর্বক পালন-পোষণ ও রক্ষা করার কথা, তারাই যদি গর্ভস্থ শিশুকে হত্যা করে তাহলে কার কাছ থেকে রক্ষা পাবার আশা করা হবে<sup>(১)</sup>? সন্তানের কাছে মা-বাবা ঈশ্বরের সমান—'মাতৃদেবো ভব, পিতৃদেবো ভব'। যদি এঁরা নিজের সন্তানকে জন্মের আগেই হত্যা করে তবে তাঁকে রক্ষা করবে কে?

সাধুরা বর্ষার চারমাস একই স্থানে এই জন্য থাকেন যে, যাত্রার সময় তাঁদের পায়ের চাপে গাছপালার ছোট ছোট চারা যাতে নষ্ট না হয়ে যায়। ছোট ছোট গাছপালা বা অঙ্কুর প্রভৃতি স্থাবর প্রাণীর ক্ষেত্রেও যেখানে এত গভীর চিন্তাভাবনা করা হয়, তাহলে জঙ্গম প্রাণীর (চলা-ফেরা করতে সক্ষম) হিংসা

(মহাভারত, শান্তিপর্ব ২২৬।২৯)

'পুত্র অসমর্থ হোক বা সমর্থ, দুর্বল হোক বা হৃষ্ট-পুষ্ট, মা তাকে রক্ষা করেন। মাতা ব্যতীত অন্য কেউ ঠিকমতো পুত্রের পালন-পোষণ করতে সক্ষম হয় না।'

নাস্তি মাতৃসমা ছায়া নাস্তি মাতৃসমা গতিঃ। নাস্তি মাতৃসমং ত্রাণং নাস্তি মাতৃসমা প্রিয়া॥

(মহাভারত, শান্তিপর্ব ২২৬।৩১)

'বাচ্চার পক্ষে মাতার ন্যায় অন্য কোনো ছায়া নেই অর্থাৎ মায়ের ছত্রছায়ায় যে সুখ, তা আর কোথাও নেই, মাতার ন্যায় আর কোনো আশ্রয় নেই, মাতার তুল্য অন্য কোনো রক্ষাকর্তা নেই এবং মাতার মতো আর কোনো প্রিয় বস্তু নেই।'

<sup>(</sup>১) সমর্থং বাসমর্থং বা কৃশং বাপ্যকৃশং তথা। রক্ষত্যেব সুতং মাতা নান্যঃ পোষ্টা বিধানতঃ।।

করা কত বড় পাপ ? জঙ্গম প্রাণীর মধ্যেও মানুষ সবথেকে শ্রেষ্ঠ। সেই মানুষকে গর্ভেই হত্যা করা কী মহাপাপ! এরথেকে বেশি আর কোনো পাপ হয় না।

গর্ভস্থ সন্তান জন্মের পরে কত ভালো ভালো লৌকিক ও পারমার্থিক কাজ করে, সমাজ ও দেশের সেবা করে, বহু লোককে সাহায্য করে, ক্ষেতে— খামারে কাজ করে অন্ন উৎপাদন করে, কল-কারখানা তৈরি করে, সাধু সন্ন্যাসী হয়ে কত লোককে সঠিক পথে আনয়ন করে, নিজের ও আরও অনেকের কল্যাণ করতে পারে। কিন্তু জন্মের আগেই তাদের হত্যা করা কী মহাপাপ! আমরা কি আগে থেকেই জানি যে গর্ভে কে আছে? সে কেমন হবে? যদি মহাত্মা গান্ধী, লোকমান্য তিলক, স্বামী বিবেকানন্দ, এঁদের জন্মের আগে গর্ভেই নষ্ট করে দেওয়া হত, তাহলে দেশের কত না ক্ষতি হত?

যাকে বাঁচাতে পারি না তাকে মারব কোন অধিকারে ? জীবমাত্রেরই বেঁচে থাকার অধিকার আছে। তাকে গর্ভেই নষ্ট করে সেই অধিকার কেড়ে নেওয়া মহা-পাপ। মানুষের অপরের সেবা করার, তাকে সুখী করার অধিকার আছে, কাউকে হত্যার করার কোনও অধিকার নেই। যদি এই গর্ভপাত প্রথা অবাধ গতিতে চালু হয় তবে মানুষ রাক্ষসেরও অধম হয়ে যাবে! রাবণ ও হিরণ্যকিশিপু নামক রাক্ষসদের রাজত্বেও গর্ভপাতের মতো মহাপাপ হয়নি।

শাস্ত্রে নানাস্থানে গর্ভপাতকে মহাপাপ বলে মানা হয়েছে। পারাশর-স্মৃতিতে এটিকে ব্রহ্মহত্যাকারী মহাপাপেরও দ্বিগুণ বলা হয়েছে ঃ

> যৎপাপং ব্রহ্মহত্যায়া দ্বিগুণং গর্ভপাতনে। প্রায়শ্চিত্তং ন তস্যাস্তি তস্যাস্ত্যাগো বিধীয়তে॥ (৪।২০)

'ব্রহ্মহত্যায় যে পাপ হয়, তার দ্বিগুণ পাপ হয় গর্ভপাত করলে। গর্ভপাতরূপ এই মহাপাপের কোনো প্রায়শ্চিত্তও নেই, এতে বিধান হল সেই স্ত্রীলোককে ত্যাগ করে দেওয়া।'

খাদ্যের ওপর যদি গর্ভপাতকারী পাপীর দৃষ্টি পড়ে তাহলে সেই খাদ্য

অভক্ষ্য (খাদ্যের অযোগ্য) হয়ে যায়—

ল্রাণেফ্লতং চৈব সংস্পৃষ্টং চাপ্যুদক্যয়া। পতত্রিণাহবলীঢ়ং চ শুনা সংস্পষ্টমেব চ।।

(মনুস্মৃতি ৪ ৷২০৮)

'গর্ভনাশকারীর দ্বারা দৃষ্টিপাত করা, রজস্বলা স্ত্রীর স্পর্শ করা, পক্ষীর দ্বারা ভক্ষিত এবং কুকুর স্পর্শ-করা খাদ্য ভোজন করবে না।'

মনুষ্য-দেহকে অত্যন্ত দুৰ্লভ বলা হয়েছে—

বড়ে ভাগ মানুষ তনু পাবা। সুর দুর্লভ সব গ্রন্থন্থি গাবা।।

(শ্রীশ্রীরামচরিতমানস, উত্তরকাণ্ড ৪৩।৪)

দুর্লভো মানুষো দেহো দেহিনাং ক্ষণভঙ্গুরঃ।

(ভাগবত ১১।২।২৯)

পরম কৃপাময় ভগবান বিশেষ কৃপা করে জীবকে মনুষ্য-দেহ প্রদান করেন—

কবহুঁক করি করুনা নর দেহী। দেত ঈস বিনু হেতু সনেহী।।

(শ্রীশ্রীরামচরিতমানস, উত্তরকাণ্ড ৪৪।৩)

জীব মনুষ্য-দেহ লাভ করে নিজের এবং অন্যেরও উদ্ধার করতে সক্ষম হয়। সে সকলের সেবা করতে পারে, এমনকি ভগবানের সেবাও করতে পারে! কিন্তু নিজে ভোগেচ্ছায় বশীভূত হয়ে সেই জীবকে এই দুর্লভ সুযোগ না দেওয়া, তাকে মনুষ্য-দেহ ধারণ করতে না দেওয়া, তাকে জন্মাতে না দেওয়া, জন্মাবার আগেই তাকে হত্যা করা, কী মহাপাপ! জীবের সঙ্গে এ কী ঘোর অন্যায়!

এরূপ মহাপাপীদের ভীষণ নরক এবং নীচ যোনিতে ভয়ংকর কষ্ট পেতে হবে। কখনো মনুষ্যজন্ম হলেও তাদের আর সন্তান হবে না। সন্তানের জন্য তাদের কাঁদতে হবে! ব্রহ্মবৈবর্তপুরাণে (প্রকৃতি খণ্ড, দ্বিতীয় অধ্যায়ে) কথিত আছে যে মূল প্রকৃতি তার গর্ডকে ব্রহ্মাণ্ড-গোলকের জলে ফেলে দেওয়ায় সেই প্রকৃতি থেকে প্রকটিত হওয়া লক্ষ্মী, সরস্বতী, রাধা এবং রাধা থেকে প্রকটিত হওয়া গোপীদের—কারোরই কোনো সন্তান হয়নি।

জিজ্ঞাসা—গর্ভপাত করলে যদি পরজন্মে সন্তান না হয়, তবে তো অভীষ্ট -সিদ্ধই হয়, অর্থাৎ জনসংখ্যা বাড়বে না, তাহলে সন্তান না হলে ক্ষতি কী ?

উত্তর—সন্তান-সুখ থেকে বঞ্চিত হলে কী অবস্থা হয়, সেটি সেইসব গৃহস্থরাই অনুভব করেন, যাদের কোনো সন্তান হয়নি। মানুষের মধ্যে তিনটি এষণা (ইচ্ছা) যাকে—পুত্রেষণা, বিত্তৈষণা এবং লোকৈষণা। যাদের সন্তান হয় না তারা সন্তানের জন্যে নানাস্থানে ঘুরে মরে, ডাক্তারের কাছে যায়, সাধু-সন্ন্যাসীর কাছে যায়, তীর্থে তীর্থে ঘোরে, ঔষধ খায়, মন্ত্র-জপ করে, দেব-দেবীর কাছে মানত করে, ঈশ্বরের কাছে প্রার্থনা করে, ইত্যাদি, ইত্যাদি।

রাজা দিলীপের কোনো সন্তান ছিল না, তাই রাজা-রানী দিন-রাত বশিষ্ঠের গাভীকে মনপ্রাণ দিয়ে সেবা করতেন। গাভীর বরে তাঁদের পুত্রলাভ হয়। সেই পুত্র 'রঘু' থেকেই রঘুবংশের উৎপত্তি। রাজা দশরথও পুত্র না হওয়ায় অত্যন্ত দুঃখী ছিলেন এবং সেইজন্যই তিনি পুত্রেষ্টি যজ্ঞ করেছিলেন—

> এক বার ভূপতি মন মাহী। ভৈ গলানি মোরেঁ সুত নাহী।। সৃঙ্গী রিষিহি বসিষ্ঠ বোলাবা। পুত্রকাম সুভ জগ্য করাবা।।

> > (শ্রীশ্রীরামচরিতমানস, বালকাণ্ড ১৮৯।১, ৩)

কারণ সন্তান না হলে বাবার চিন্তা হয় যে আমার বংশরক্ষা হবে কীভাবে ? আমার ধন–সম্পত্তি, জমি–জায়গায় মালিক কে হবে ? আমাদের অসুখ হলে বা বৃদ্ধ হলে দেখাশোনা, সেবা কে করবে ? আমাদের মৃত্যুর পর শ্রাদ্ধ– তর্পণাদি কে করবে, ইত্যাদি, ইত্যাদি।

শিশুদের দেখতে, তাদের খাওয়া-পরাতে, তাদের নিয়ে খেলাধূলা করতে বড় আনন্দ পাওয়া যায়। নিজের শিশু তো বর্টেই কুকুর, গাধা ইত্যাদিরও নবজাত বাচ্চা দেখলেও এক ধরনের আনন্দ হয়, তাকে আদর

#### করতে ইচ্ছা হয়।

এমনও দেখা যায় যে বাড়িতে বড় ছেলে-বৌয়ের যদি সন্তান না হয় তখন সে ছোট ভাই-বৌয়ের শিশু-সন্তানদের দেখলে মনে মনে খুব কন্ট পায় যে, আমি বড়, আমার আমার কোনো সন্তান নেই; আমার সন্তান থাকলে আমি তার বিয়ে দিতাম, বউ আনতাম, সে আমার সেবা করত! ছেলের সন্তান—নাতি, সে তো ছেলের চেয়েও প্রিয় হয়। প্রবাদ আছে আসলের চেয়ে সুদ বেশি মিষ্টি। এইরূপ সন্তান থাকার যে সুখ, তা গর্ভপাতকারীরা জন্মান্তরেও পাবে না। কারণ গর্ভপাতকারীদের পরজন্মেও সন্তান হয় না।

একটি সিদ্ধান্ত এই যে, যারা যে বস্তুর সৎ ব্যবহার করে না, তারা সেই বস্তু আর পায় না। মা শিশুকে মিষ্টি দিলে, সে যদি সেটি না খেয়ে নর্দমায় ফেলে দেয়, তাহলে মা তাকে আর মিষ্টি না দিয়ে একটি চড় লাগিয়ে দেন। তেমনই ভগবান কৃপা করে মনুষ্য-জন্ম প্রদান করেন, কিন্তু মানুষ যদি সেই শরীরকে কুভাবে ব্যবহার করে, পাপ করে, তখন ভগবান তাকে পুনর্বার মনুষ্য জন্ম না দিয়ে নীচ যোনিতে নিক্ষেপ করেন। শিশুরা অবুঝ হয়, তাই মা তাকে পরে আবার মিষ্টি দেন, কিন্তু মানুষ জেনেবুঝে পাপ করে; তাই ভগবান তাকে পুনরায় মনুষ্য-দেহ প্রদান করেন না। এইভাবে যে-ব্যক্তি অন্ন-জল নিরর্থক ভাবে নষ্ট করে, তাকে খিদে-তেষ্টায় কষ্ট পেতে হয়। যে-মালিক তার অনুগত ভূত্যকে তিরস্কার করে, তখন সে আর পরে ভালো কাজের লোক পায় না। যে-ভূত্য তার ভালো মালিকের নিন্দা করে, সে আর ভালো মালিক পায় না। যে-ভালো সাধুর নিন্দা করে অর্থাৎ তাঁর কাছ থেকে ভালো শিক্ষা গ্রহণ করে না, সে আর ভালো সাধু পায় না। তেমনই যে গর্ভস্থ সন্তানকে হত্যা করে, সে মনুষ্যজন্মে সন্তান পায় না। গর্ভপাত সবথেকে ভয়ংকর অপরাধ ; কারণ সন্তান কামনা না করে ভোগবিলাস করা—'হতং মৈথুনমপ্রজম্' এবং অন্যটি হল তার থেকে উৎপন্ন গর্ভ নষ্ট করা। নাশের পরিণাম ভয়ংকর বিনাশ। তাই ভাবী ভীষণ যন্ত্রণা থেকে বাঁচার জন্যে বুদ্ধিমান নারী-পুরুষের কখনো গর্ভপাত-রূপ মহাপাপ করা উচিত নয়।

# ৫. সংঘর্ষের কারণ

আজকাল প্রচার করা হচ্ছে যে জাতিভেদের জন্যেই সমাজে সংঘর্ষ হচ্ছে; তাই জাতিভেদ মানা উচিত নয়। এটি একেবারেই ভুল ধারণা। প্রকৃতপক্ষে এই সব সংঘর্ষ জাতিভেদের জন্যে হয় না, এর উৎপত্তি হয় অহংকার-উদ্ভূত স্বার্থ এবং অহং অভিমান থেকে।

সৃষ্টিতে জাতিভেদ স্বাভাবিক ব্যাপার। বিভিন্ন দেশে মানুষের নানা জাতি বিদ্যমান। শুধু মানুষের মধ্যেই নয়, পশু-পক্ষী, বৃক্ষ-লতা ইত্যাদিতেও জাতিভেদ স্বাভাবিকভাবেই বিদ্যমান। গরু, মহিষ, ভেড়া, ছাগল, ঘোড়া, উট, কুকুর ইত্যাদিতে নানা জাতি আছে এবং তাদেরও এক এক জাতিতে অনেক ভাগ আছে। জাতির থেকেই তাদের নানা গুণাবলী জানা যায়। যারা এগুলি ক্রয়-বিক্রয় করে তারা এগুলির জাতি-বিভাগের সঙ্গে ভালোমতো পরিচিত। জাতি দেখেই এরা দাম নির্ধারণ করে। এইরূপ গাছেরও নানা জাতি হয়। ফল ও সবজীর এবং আনাজেরও নানা জাতি হয়। এই জাতিভেদের কারণ এই যে, সৃষ্টি হল বিষম এবং একে এক সমান দেখালেও দুটি বস্তু কখনও সমান হয় না। তাই জাতির জন্য শক্রতা হয় না। স্বার্থ এবং অহং-অভিমানের জন্যই শক্রর সৃষ্টি হয়, যা হল আসুরী সম্পদ।

একটি ব্যাপার লক্ষ করা যায় ভিন্ন ভিন্ন জাতির মধ্যে পরস্পর যুদ্ধ বা শক্রতা হয় না, বরং একই জাতির মধ্যে পরস্পর স্বার্থ এবং অভিমান নিয়ে শক্রতা হয়, যেমন পুরুষ-জাতির সঙ্গে পুরুষ-জাতির, নারী জাতির সঙ্গে নারী জাতির। পশুদের মধ্যেও পুরুষ-পশুর সঙ্গে পুরুষ-পশুর এবং স্ত্রী-পশুর সঙ্গে স্ত্রী-পশুর লড়াই হয়। যেমন কুকুরে-কুকুরে লড়াই হয় তেমনিই মাদী কুকুরের সঙ্গে মাদী কুকুরের লড়াই হয়, অন্যেরা এই লড়াইয়ে নিমিত্তমাত্র হয়ে তাকে। একপাল স্ত্রী বাঁদরের মধ্যে একটি সর্দার পুরুষ-বাঁদর থাকে। সেই পালে কোনো পুরুষ-বাঁদর জন্মালে সে সেটিকে নিয়ে পালিয়ে যায় এবং মেরে ফেলে, কেননা এতে তার সুখভোগে বাধা পড়বে। কিন্তু স্ত্রী-বাঁদর তাকে হত্যা

করে না। কুকুরের মধ্যেও এই ব্যাপারটি লক্ষ করা যায়। পুরুষ-বাচ্চা হলে, (পু) কুকুর ওটিকে মেরে ফেলে এবং মাদি-বাচ্চা হলে স্ত্রী-কুকুরটি ওটিকে নষ্ট করে।

ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য বা শূদ্রের পরস্পরের মধ্যে যুদ্ধ বা শত্রুতা হয় না। ব্রাহ্মণের ব্রাহ্মণের সঙ্গে, ক্ষত্রিয়ের ক্ষত্রিয়ের সঙ্গে, বৈশ্যের বৈশ্যের সঙ্গে এবং শূদ্রের শূদ্রের সঙ্গে শত্রুতা হয়। তাৎপর্য হল যেখানে উভয়ের একই জীবিকা, সেখানেই স্বার্থবশত যুদ্ধ হয়। যদি সব কার্জেই সকলের অধিকার বলে মেনে নেওয়া হয়, তাহলে এতে সংঘর্ষ খুবই বেড়ে যায়। কারণ এরূপ মেনে নেওয়া হলে, যে জীবিকায় বেশি অর্থ এবং মানসম্মান পাওয়া যায়, সকলেই তা করতে চাইবে এবং যে জীবিকাতে অর্থ-মান-মর্যাদা কম, তা কেউ করবে না। উচ্চ কাজ সবাই করতে চাইবে, কিন্তু নীচ কাজ কেউ করবে না। যেমন আগে রাজত্বের জন্যে কেবল রাজপুতেরাই যুদ্ধ করত, কিন্তু এখন সকলেই মারামারি করে। আগে চার বর্ণ নিজ নিজ বর্ণ অনুসারে কাজ করত, কিন্তু এখন চার বর্ণের সব কার্জেই সকলের অধিকার হওয়ায় সংঘর্ষ কমপক্ষে ষোলোগুণ বেড়ে গেছে! আগে লোকে নিজ নিজ বর্ণ-আশ্রমের মর্যাদানুসারে চলত এবং সুখ-শান্তিতে থাকত। কিন্তু এখন বর্ণাশ্রমের মর্যাদা দূর করে স্বার্থবশত অনেক পার্টি তৈরি করা হচ্ছে এবং রাজ্যলোভে নিজেদের মধ্যে লড়াই করছে। ভিন্ন সম্প্রদায়ের ভোটের লোভে হিন্দু হিন্দুদেরই ধ্বংস করছে। মা-বাপ-ছেলে—তিনজনই পৃথক পার্টিকে ভোট দেয় আর ঘরে ঝগড়া করে। প্রচার করা হয় যে সকলের মধ্যে একতা থাকা উচিত, কিন্তু আসলে এক একই হচ্ছে, অর্থাৎ মা এক, বাবা এক, সন্তান আর এক, সব আলাদা আলাদা। কারণ, বর্ণাশ্রমের সৃষ্টি হয়েছিল মর্যাদা ও কর্তব্য নিয়েই, আর পার্টির সৃষ্টি হয় স্বার্থ নিয়ে।

স্বার্থ এবং অভিমানের জন্যেই বিভিন্ন বর্ণ, আশ্রম, সম্প্রদায় ইত্যাদির মানুষের মধ্যে নিজ নিজ বর্ণ ইত্যাদির পক্ষপাত থাকে, যাতে তারা নিজ বর্ণ প্রভৃতিকে সমর্থন এবং অপর বর্ণগুলির বিরোধিতা করে থাকে।

এই বিষয়ে এক গল্প আছে—একটি বারবনিতা ছিল। তার চিন্তা হল যে,

'আমার কল্যাণ হবে কী করে ?' নিজ কল্যাণের উদ্দেশ্যে সে সাধুদের কাছে গেল। তাঁরা বললেন, 'তুমি সাধুসঙ্গ করো। সাধুরা ত্যাগী হন, অতএব তাঁদের সেবা করলে তোমার কল্যাণ হবে।' তারপর সে ব্রাহ্মণদের কাছে গেল, তাঁরা বলল যে, 'সাধুরা ভেকধারী হয়, কিন্তু আমরা জন্ম থেকেই ব্রাহ্মণ আর ব্রাহ্মণ সকলের গুরু<sup>2</sup>, অতএব তুমি ব্রাহ্মণদের সেবা করলে তোমার কল্যাণ হবে।<sup>2</sup> তারপর সে সন্ন্যাসীদের কাছে গেল। তাঁরা বললেন, 'সন্ন্যাসীরা সকল বর্ণেরই গুরু, তাই তাঁদের সেবা করলেই কল্যাণ হবে।' তারপর সে গেল বৈরাগীদের কাছে, তারা বললেন, 'বৈরাগীরা সব থেকে তেজস্বী; তাই তাদের সেবা করলে তোমার কল্যাণ হবে।' তারপর সে পৃথক পৃথক সম্প্রদায়ের গুরুদের কাছে গেল, তারা সকলেই বলল যে, 'তারাই সব থেকে শ্রেষ্ঠ, বাকীরা সব পাষ্ড। তুমি আমার চেলা হও, আমার কাছে মন্ত্র নাও, তাহলে আমি সব বলব, যাতে তোমার কল্যাণ হয় !' এইভাবে সেই বারবনিতা যেখানেই গেল, সেখানেই তাকে নিজ নিজ বর্ণ, আশ্রম, মত, সম্প্রদায় ইত্যাদির পক্ষপাত দেখাল। এইসব দেখে তার মনে হলঃ 'এখন সব তত্ত্ব বুঝলাম ! যুক্তিগুলি বুঝলাম ! সাধুরা বলেন, তাদের পূজা করো ; ব্রাহ্মণেরা বলেন, তাদের পূজা করো; আমি কেন বেশ্যাদের পূজা করব না!' এই ভেবে সে বারবনিতাদের খাওয়াতে মনস্থ করল এবং তাদের নিয়ন্ত্রণ করল। ঠিক সময়ে বারবনিতারা আসতে আরম্ভ করল।

সেই গ্রামের বাইরে একজন প্রকৃত বৈরাগী, ত্যাগী সন্ত থাকতেন। তিনি এইসব দেখে ভাবতে থাকলেন, 'আজ কী ব্যাপার ?' যখন তিনি বুঝলেন যে আজ বারবনিতাদের ভোজ হচ্ছে তখন তিনি সেই বারবনিতাকে হাতে-কলমে শিক্ষা দেবার জন্যে সেখানে গেলেন। রান্না তৈরি হচ্ছিল। রন্ধানকারী ভাতের ফেন নর্দমায় ফেলছিল। বারবনিতা ছাদ থেকে যেদিকে তাকিয়েছিল বাবাজী সেদিকে বসে ফেনে হাত ধুতে লাগলেন। বারবনিতা দেখে বলল, 'বাবাজী! কী করছেন?' বাবাজী বললেন, 'তুমি কি অন্ধানাকি? দেখতে পাচ্ছানা যে আমি হাত ধুচ্ছি? বারবনিতা বারণ করলেও বাবাজী তা গ্রাহ্য করলেন না। বারবনিতা নিচে নেমে এসে বলল, 'বাবাজী এ তো ফেন, এতে হাত ধুলে

আরও নোংরা হবে! আপনি পরিষ্কার জলে হাত ধোন।' বাবাজী বললেন, 'এতে যদি হাত নোংরা হয়, তাহলে বারবনিতারা কি বেশি পরিচ্ছন্ন, নির্মল, যাতে তাদের সেবায়, কল্যাণ হবে? হাত অপরিষ্কার জলে পরিষ্কার হয়, না পরিষ্কার জলে হয়? তাই শুনে বারবনিতার খেয়াল হল যে, বাবাজী তো ঠিকই বলছেন! তাহলে কল্যাণ কীসে হবে? তখন বাবাজী বললেন—'যে সাধুর মধ্যে কোনো মত, সম্প্রদায় ইত্যাদির প্রতি পক্ষপাত, আগ্রহ না থাকে, যাঁর আচরণ শুদ্ধ, যাঁর মধ্যে একমাত্র এইভাব থাকে যে জীবের কল্যাণ হবে কীভাবে, যাঁর মনে কোনো প্রকার কামনা নেই—সেই সাধু স্ত্রী হোন বা পুরুষ, সাধু হোন বা বাক্ষাণ, যে কোনো বর্ণ, আশ্রম, সম্প্রদায়ের হোন না কেন, সেই সাধুর সঙ্গ করো, তাঁর কথা যদি শোনো তাহলে তোমার নিশ্চয়ই কল্যাণ হবে।'

তাৎপর্য হল এই যে, যেখানে স্বার্থ এবং অভিমান থাকবে, ভোগ-বাসনা এবং সম্পদ-সংগ্রহের ইচ্ছা থাকবে, সেখানে আসুরী-সম্পদ আসবেই। যেখানে আসুরী সম্পদ থাকবে, সেখানে কখনও শান্তি থাকবে না। অশান্তি আসবে, সংঘর্ষ হবে এবং পতন হবে।

> ত্রিবিধং নরকস্যেদং দ্বারং নাশনমাত্মনঃ। কামঃ ক্রোধস্তথা লোভস্তম্মাদেতৎত্রয়ং ত্যজেৎ।।

> > (গীতা ১৬।২১)

'কাম, ক্রোধ এবং লোভ— এই তিন প্রকার নরকের দার জীবাত্মার পতনকারী, তাই এই তিনটি অবিলম্বে ত্যাগ করা উচিত।'

22022

# গোরক্ষপুরের গীতাপ্রেস দারা এযাবৎ প্রকাশিত বাংলা বইয়ের সূচিপত্র

	কোড নং	
(5)	1118	শ্রীমদ্ভগবদ্গীতা (তত্ত্ব-বিবেচনী) বৃহৎ আকারে
(২)	763	শ্রীমদ্ভগবদ্গীতা (সাধক-সঞ্জীবনী)
(৩)	1577	শ্রীমদ্ভাগবত (প্রথম খণ্ড)
(8)	1744	শ্রীমদ্ভাগবত (দ্বিতীয় খণ্ড)
(¢)	1574	সংক্ষিপ্ত মহাভারত (প্রথম খণ্ড)
(৬)	1660	সংক্ষিপ্ত মহাভারত (দ্বিতীয় খণ্ড)
(9)	1662	শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত
(b)	556	গীতা-দৰ্পণ
(৯)	13	শ্রীমদ্ভগবদ্গীতা
(50)	496	শ্রীমদ্ভগবদ্গীতা
(>>)	1736	গীতা প্রবোধনী
(52)	1393	শ্রীমদ্ভগবদ্গীতা (বোর্ড বাইন্ডিং)
(50)	1444	শ্রীমদ্ভগবদ্গীতা
(84)	395	গীতা-মাধুৰ্য
(36)	1851	গীতা রসামৃত
(১৬)	1901	সাধন-সমর বা দেবী মাহাত্ম্য
(64)	1937	শিবপুরাণ
(56)	1455	শ্রীমদ্ভগবদ্গীতা (লঘু আকারে)
(35)	1883	শ্রীরামচরিতমানস (তুলসীদাসী রামায়ণ)
(२०)	275	কর্মানুষ্ঠানে মানুষ স্বাধীন, নাকি পরাধীন ?
(২১)	1456	ভগবৎপ্রাপ্তির পথ ও পাথেয়
(২২)	1469	সর্বসাধনার সারকথা
(২৩)	1119	ঈশ্বর এবং ধর্ম কেন ?
(28)	1305	প্রশ্নোত্তর মণিমালা

(২৫) 1102 অমৃত-বিন্দু

#### কোড নং

- (২৬) 1115 তত্ত্বজ্ঞান কী করে হবে ?
- (২৭) 1936 ঈশ্বরের অস্তিত্ব ও মহত্ত্ব
- (২৮) 1925 ঈশ্বরের প্রতি বিশ্বাস
- (২৯) 1358 কর্ম রহস্য
- (৩০) 1122 মুক্তিলাভের জন্য গুরুকরণ কি অপরিহার্য ?
- (৩১) 276 পরমার্থ পত্রাবলী
- (৩২) 816 কল্যাণকারী প্রবচন
- (৩৩) 1460 বিবেক চূড়ামণি (মূলসহ সরল টীকা)
- (৩৪) 1454 স্তোত্ররত্নাবলী
- (৩৫) 1603 উপনিষদ্
- (৩৬) 1604 পাতঞ্জলযোগ
- (৩৭) 903 সহজ সাধনা
- (৩৮) 312 আদর্শ নারী সুশীলা
- (৩৯) 1415 অমৃত-বাণী
- (৪০) 1541 সাধনার দুটি প্রধান সূত্র
- (৪১) 147৪ মানব কল্যাণের শাশ্বত পথ
- (৪২) 1651 হে মহাজীবন!হে মহামরণ!!
- (৪৩) 1306 কর্তব্য সাধনায় ভগবৎপ্রাপ্তি
- (৪৪) 955 তাত্ত্বিক-প্রবচন
- (৪৫) 428 আদর্শ গার্হস্থ জীবন
- (৪৬) 296 সৎসঙ্গের কয়েকটি সারকথা
- (৪৭) 1359 পরমাত্মার স্বরূপ এবং প্রাপ্তি
- (৪৮) 1884 ঈশ্বর লাভের বিবিধ উপায়
- (৪৯) 1303 সাধকদের প্রতি
- (৫০) 1579 সাধনার মনোভূমি
- (৫১) 1580 অধ্যাত্ম সাধনায় কর্মহীনতা নয়
- (৫২) 1581 গীতার সারাৎসার
- (৫৩) 1452 আদর্শ গল্প সংকলন
- (৫৪) 1453 শিক্ষামূলক কাহিনী

```
কোড নং
(৫৫) 1513 মূল্যবান কাহিনী
(৫৬) 625 দেশের বর্তমান অবস্থা এবং তার পরিণাম
(৫৭) 956 সাধন এবং সাধ্য
(৫৮) 1996 স্ত্রতি
(৫৯) 1293 আত্মোন্নতি এবং সনাতন (হিন্দু) ধর্ম রক্ষার্থে
            কয়েকটি অবশ্য পালনীয় কর্তব্য
(৬০) 450 ঈশ্বরকে মানব কেন ? নামজপের মহিমা এবং আহার শুদ্ধি
(৬১) 451 দুর্গতি থেকে রক্ষা পাওয়া এবং গুরুতত্ত্ব
(৬২) 449 মহাপাপ থেকে বাঁচুন
(৬৩) 443 সম্ভানের কর্তব্য
(৬৪) 469 মূর্তিপূজা
(৬৫) ৪49 মাতৃশক্তির চরম অপমান
(৬৬) 1319 কল্যাণের তিনটি সহজ পন্থা
(৬৭) 1742 শরণাগতি
(৬৮) 762 গর্ভপাতের পরিণাম ? একবার ভেবে দেখুন
(৬৯) 1075 ওঁ নমঃ শিবায়
(৭০) 1043 নবদুর্গা
(৭১) 1096 কানাই
(৭২) 1097 গোপাল
(৭৩) 1098 মোহন
(98) 1123 শ্রীকৃষ্ণ
(৭৫) 1292 দশাবতার
(৭৬) 1439 দশমহাবিদ্যা
(৭৭) 1652 নবগ্ৰহ
(৭৮) 1787 মহাবীর হনুমান
            ছবিতে চৈতন্যলীলা
(৭৯) 1495
            জয় শিবশংকর
(bo) 1888
            স্থনামধন্য ঋষি-মুনি
(ょう) 1889
(৮২) 1891 রামলালা
```

(৮৩) 1892 সীতাপতি রাম

(৮৪) 1893 রাজারাম

(৮৫) 1977 ভগবান সূর্য

(৮৬) 330 ভক্তিসূত্র (নারদ ও শাণ্ডিল্য)

(৮৭) 1496 পরলোক ও পুনর্জন্মের সত্য ঘটনা

(৮৮) 1659 শ্রীশ্রীকৃষ্ণের অস্টোত্তর শতনাম

(৮৯) 1881 হনুমানচালীসা (মূলপাঠ, অর্থসহ)

(৯০) 1880 হনুমানচালীসা (মূলপাঠ)

(৯১) 1852 রামরক্ষান্ডোত্র

(৯২) 1356 সুন্দরকাণ্ড

(৯৩) 1322 শ্রীশ্রীচণ্ডী

(৯৪) 1743 শ্রীশিবচালীসা

(৯৫) 1785 ভাগবতের মণিমুক্তা

(৯৬) 1786 মূল শ্রীমদ্বাল্মীকীয়রামায়ণম্

(৯৭) 1795 মনকে বশ করার কয়েকটি উপায় ও আনন্দের তরঙ্গ

(৯৮) 1784 প্রেমভক্তিপ্রকাশ, খ্যানাবস্থায় প্রভুর সঙ্গে বার্তালাপ

(৯৯) 1797 স্তবমালা

(১০০) 1835 সত্যনিষ্ঠ সাহসী বালক-বালিকাদের কথা

(১০১) 1834 শ্রীমদ্ভগবদ্গীতা (মূল) ও শ্রীবিষ্ণুসহস্রনাম

(১০২) 1839 কৃত্তিবাসী রামায়ণ

(১০৩) 1838 জীবনযাপনের শৈলী

(১০৪) 1853 আমাদের লক্ষ্য ও কর্তব্য

(১০৫) 1854 ভাগবত রত্নাবলী

(১০৬) 1920 আহার নিরামিষ না আমিষ ? সিদ্ধান্ত নিজেই নিন

(১০৭) 1948 এর নাম কি উন্নতি, না ধ্বংস ?—একটু ভেবে দেখুন

(১০৮) 1946 রামায়ণ মহাভারতের কতিপয় আদর্শ চরিত্র

(১০৯) 197৪ ভগবানের পাঁচটি নিবাসস্থল